

ডাকঘর	Das Postamt
রবীন্দ্রনাথ ঠাকুর	Übersetzt von Dr. Martin Kämpchen ¹ Erschienen in dem Band <i>Das goldene Boot</i> (2005)
অমল মাধব দত্ত কবিরাজ ঠাকুরদা দইগুআলা প্রহরী সুধা ছেলেরা মোড়ল রাজদূত রাজকবিরাজ	<i>Personen:</i> Amal Mādhav Datta, sein Adoptivvater Doktor Opa Milchmann Wächter Sudhā, das Blumenmädchen Jungen Dorfvorsteher Königlicher Bote Königlicher Doktor
	Ein Drama in drei Szenen
১ মাধব দত্ত । মুশকিলে পড়ে গেছি। যখন ও ছিল না, তখন ছিলই না– কোনো ভাবনাই ছিল না। এখন ও কোথা থেকে এসে আমার ঘর জুড়ে বসল; ও চলে গেলে আমার এ ঘর যেন আর ঘরই থাকবে না। কবিরাজমশায়, আপনি কি মনে করেন ওকে–	Erste Szene Mādhav Datta: Nun sitze ich schön in der Patsche. Als er nicht da war, war er eben nicht da – überhaupt keine Sorgen waren da. Jetzt ist er von wer-weiß- woher gekommen und hat mein Haus in Beschlag genommen. Wenn er weggeht, wird mein Haus mir erscheinen, als sei's gar nicht mehr mein Haus. Herr Doktor, meint ihr, ob er...
কবিরাজ । ওর ভাগ্যে যদি আয়ু থাকে, তাহলে দীর্ঘকাল বাঁচতেও পারে; কিন্তু আয়ুর্বেদে যেরকম লিখছে তাতে তো–	Doktor: Wenn es sein Schicksal will, daß er alt wird, dann mag er noch lange leben, doch glaubt man dem Ayur-Veda, so...
মাধব দত্ত । বলেন কি!	Mādhav Datta: Was ihr nicht sagt!
কবিরাজ । শাস্ত্রে বলছেন, পৈত্তিকান্ সন্নিপাতজান্ কফবাতসমুদ্রবান্–	Doktor: Die Lehrbücher sagen: “Gallenleiden, Typhus, Husten und Rheuma...”
মাধব দত্ত । থাক থাক, আপনি আর ঐ শ্লোকগুলো আওড়াবেন না– ওতে আরো আমার ভয় বেড়ে যায়। এখন কী করতে হবে সেইটে বলে দিন।	Mādhav Datta: Genug, genug, sagt mir diese Verse nicht wieder auf, sonst kriege ich noch mehr Angst. Was ich tun soll, das sagt mir jetzt, sonst nichts.
কবিরাজ । (নস্য লইয়া) খুব সাবধানে রাখতে হবে।	Doktor (Tabak schnupfend): Er muß sehr sorgfältig gepflegt werden.
মাধব দত্ত । সে তো ঠিক কথা, কিন্তু কী বিষয়ে সাবধান হতে হবে সেইটে স্থির করে দিয়ে যান।	Mādhav Datta: Das ist doch klar, aber womit muß man sorgfältig sein, das stellt fest und sagt's mir.

¹ Die Website ist Dr. Martin Kämpchen sehr dankbar für die großzügige Erlaubnis, diese Übersetzung hier zu veröffentlichen. Unser Dank gilt auch Herrn Rishav Sarkar, der den Text zweisprachig arrangierte.

কবিরাজ । আমি তো পূর্বেই বলেছি, ওকে বাইরে একেবারে যেতে দিতে পারবেন না।	Doktor: Ich habe doch früher schon gesagt, ihr dürft ihn auf keinen Fall nach draußen gehen lassen.
মাধব দত্ত । ছেলেমানুষ, ওকে দিনরাত ঘরের মধ্যে ধরে রাখা যে ভারি শক্ত।	Mādhav Datta: So einen jungen Kerl den ganzen Tag im Hause zu halten, ist wirklich sehr schwierig.
কবিরাজ । তা কী করবেন বলেন। এই শরৎকালের রৌদ্র আর বায়ু দুই-ই ওই বালকের পক্ষে বিষবৎ কারণ কিনা শাস্ত্রে বলছে, অপস্মারে জ্বরে কাশে কামলায়াং হলীমকে—	Doktor: Was kann man sonst tun? Im Herbst sind Sonne und Wind, alle beide, für den Burschen wie Gift. Denn die Lehrbücher sagen doch: “Bei Epilepsie, Fieber, Husten und Gelbsucht...”
মাধব দত্ত । থাক থাক, আপনার শাস্ত্র থাক। তা হলে ওকে বন্ধ করেই রেখে দিতে হবে— অন্য কোনো উপায় নেই? কবিরাজ । কিছু না, কারণ, পবনে তপনে চৈব—	Mādhav Datta: Genug, genug – genug mit euren Lehrbüchern. Also muß er im Haus eingesperrt bleiben. Gibt’s kein anderes Mittel? Doktor: Überhaupt keins, denn: “Im Wind und der Sonne wird gewiß...”
মাধব দত্ত । আপনার ও চৈব নিয়ে আমার কী হবে বলেন তো? ও থাক - না— কী করতে হবে সেইটে বলে দিন। কিন্তু আপনার ব্যবস্থা বড় কঠোর। রোগের সমস্ত দুঃখ ও - বেচারী চুপ করে সহ্য করে— কিন্তু আপনার ওষুধ খাবার সময় ওর কষ্ট দেখে আমার বুক ফেটে যায়।	Mādhav Datta: Was kann euer “das und das wird gewiß” mir schon helfen, sagt! Genug davon. Was müssen wir tun? <i>Das</i> sagt mir. Doch eure Anweisungen sind furchtbar hart. Die ganze Mühsal seiner Krankheit erträgt der arme Kerl ohne ein Wort, doch wenn ich sehe, wie er sich abquält, wenn er eure Arzneien schluckt, möchte mir das Herz zerspringen.
কবিরাজ । সেই কষ্ট যত প্রবল তার ফলও তত বেশি— তাই তো মহর্ষি চ্যবন বলেছেন, ভেষজঃ হিতবাক্যঃ তিজ্জং আশুফলপ্রদং। আজ তবে উঠি দত্ত মশায়!	Doktor: Je größer die Qual, desto stärker die Wirkung. Darum hat Maharshi Chyāvana gesagt: “Wenn Arznei und gute Worte bitter sind, geben sie rasche Wirkung.” Genug für heute, ich muß fort, Herr Datta.
ঠাকুরদার প্রবেশ	<i>Ab. Opa tritt ein.</i>
মাধব দত্ত । ঐ রে ঠাকুরদা এসেছে! সর্বনাশ করলে!	Mādhav Datta: Oje, da ist ja unser Opa. Jetzt wird’s aber bunt.
ঠাকুরদা । কেন? আমাকে তোমার ভয় কিসের?	Opa: Wieso? Kriegst du’s mit der Angst zu tun, wenn du mich siehst?
মাধব দত্ত । তুমি যে ছেলে খ্যাপাবার সদ্দার।	Mādhav Datta: Machst du nicht alle Kinder närrisch,

	du Obernarr.
ঠাকুরদা । তুমি তো ছেলেও নও, তোমার ঘরেও ছেলে নেই- তোমার খেপবার বয়সও গেছে- তোমার ভাবনা কী।	Opa: Du bist doch kein Kind mehr, selbst hast du auch keine Kinder, und um ein Narr zu werden, bist du zu alt – wozu also deine Sorgen?
মাধব দত্ত । ঘরে যে ছেলে একটি এনেছি।	Mādhav Datta: Aber ich habe ein Kind ins Haus geholt.
ঠাকুরদা । সে কিরকম!	Opa: Was meinst du?
মাধব দত্ত । আমার স্ত্রী যে পোষ্যপুত্র নেবার জন্যে খেপে উঠেছিল।	Mādhav Datta: Meine Frau war doch närrisch danach gewesen, einen Jungen zu adoptieren.
ঠাকুরদা । সে তো অনেকদিন থেকে শুনছি, কিন্তু তুমি যে নিতে চাও না।	Opa: Das höre ich schon wer-weiß-wie-lange. Aber du willst doch keinen nehmen.
মাধব দত্ত । জান তো ভাই, অনেক কষ্টে টাকা করেছি, কোথা থেকে পরের ছেলে এসে আমার বহু পরিশ্রমের ধন বিনা পরিশ্রমে ক্ষয় করতে থাকবে, সে কথা মনে করলেও আমার খারাপ লাগত। কিন্তু এই ছেলেটিকে আমার যে কিরকম লেগে গিয়েছে-	Mādhav Datta: Weißt du, mein Lieber, ich hab's schwer gehabt, mein Geld zu verdienen. Da kommt von irgendwo her ein fremdes Kind ins Haus und verschlingt den Wohlstand, den ich mir mühselig erworben habe, ganz mühelos. Der Gedanke schon hat mich geärgert. Aber dieser Junge ist mir, ich weiß nicht, er ist mir ans Herz gewachsen...
ঠাকুরদা । তাই এর জন্য টাকা যতই খরচ করছ, ততই মনে করছ, সে যেন টাকার পরম ভাগ্য।	Opa: Und je mehr Geld du für ihn aus gibst, desto überzeugter bist du, es sei ein Riesenglück für's Geld, ausgegeben zu werden.
মাধব দত্ত । আগে টাকা রোজগার করতুম, সে কেবল একটা নেশার মত ছিল- না করে কোনোমতে থাকতে পারতুম না। কিন্তু এখন যা টাকা করছি, সবই ঐ ছেলে পাবে জেনে উপার্জনে ভারি একটা আনন্দ পাচ্ছি।	Mādhav Datta: Wenn ich früher Geld verdiente, war das wie eine Sucht, ich konnte gar nicht anders leben. Aber das Geld, das ich jetzt einnehme, bekommt alles dieser Junge. Das macht mich so froh, ein Einkommen zu haben.
ঠাকুরদা । বেশ, বেশ ভাই, ছেলেটি কোথায় পেলে বলো দেখি।	Opa: Gut so, gut, und wo hast du den Jungen her?
মাধব দত্ত । আমার স্ত্রীর গ্রামসম্পর্কে ভাইপো। ছোটবেলা থেকে বেচারার মা নেই। আবার সেদিন তার বাপও মারা গেছে।	Mādhav Datta: Er ist ein Nachbarjunge aus dem Dorf meiner Frau. Von Kind auf hat der Arme keine Mutter. Dieser Tage ist sein Vater auch gestorben.
ঠাকুরদা । আহা! তবে তো আমাকে তার দরকার আছে।	Opa: Ach, der Arme! Also hat er mich um so mehr nötig.

মাধব দত্ত । কবিরাজ বলছে তার ঐটুকু শরীরে একসঙ্গে বাত পিন্ড শ্লেষ্মা যে - রকম প্রকুপিত হয়ে উঠেছে, তাতে তার আর বড়ো আশা নেই। এখন একমাত্র উপায় তাকে কোনোরকমে এই শরতের রৌদ্র আর বাতাস থেকে বাঁচিয়ে ঘরে বন্ধ করে রাখা। ছেলেগুলোকে ঘরের বার করাই তোমার এই বড়ো বয়সের খেলা– তাই তোমাকে ভয় করি।	Mādhab Datta: Der Doktor sagt, in seinem winzigen Körperchen haben sich gleichzeitig Rheuma, Gallenleiden und Brustkatarrh so hartnäckig festgesetzt, daß es keine große Hoffnung mehr gibt. Jetzt gibt's nur eine Möglichkeit, nämlich ihn auf alle Fälle vor Herbstsonne und Herbstwind zu schützen und im Zimmer festzuhalten. Kleine Kinder aus ihren Häusern zu locken, das ist doch das Spiel von euch Alten – darum ist mir bange vor dir.
ঠাকুরদা । মিছে বল নি- একেবারে ভয়ানক হয়ে উঠেছি আমি, শরতের রৌদ্র আর হাওয়ারই মতো। কিন্তু ভাই, ঘরে ধরে রাখবার মতো খেলাও আমি কিছু জানি। আমার কাজকর্ম একটু সেরে আসি, তার পরে ঐ ছেলেটির সঙ্গে ভাব করে নেব।	Opa: Du hast recht – wirklich ein <i>schrecklicher</i> Kerl bin ich geworden, so schrecklich wie Herbstsonne und Herbstwind. Aber, mein Lieber, ein bißchen kenne ich auch die Spiele, um Kinder drinnen zu halten. Ich mache meine Arbeit zuende, dann komm ich zurück und freunde mich mit dem Jungen an.
অমল গুপ্তের প্রবেশ	Ab. <i>Amal Gupta tritt ein.</i>
অমল । পিসেমশায়!	Amal: Onkel!
মাধব দত্ত । কী অমল?	Mādhab Datta: Was ist los, Amal?
অমল । আমি কি ঐ উঠোনটাতেও যেতে পারব না?	Amal: Darf ich nicht einmal auf den Hof dort gehen?
মাধব দত্ত । না বাবা!	Mādhab Datta: Nein, mein Kind.
অমল । ঐ যেখানটাতে পিসিমা জাঁতা দিয়ে ডাল ভাঙেন। ঐ দেখো - না, যেখানে ভাঙা ডালের খুদগুলি দুই হাতে তুলে নিয়ে লেজের উপর ভর দিয়ে বসে কাঠবিড়ালি কুটুস্ কুটুস্ করে খাচ্ছে- ওখানে আমি যেতে পারব না?	Amal: Dort drüben, wo die Tante mit dem Mörser Linsen mahlt, dort, sieh mal, wo das Eichhörnchen auf seinem Schwanz hockt und kleine Stückchen Linsen in seine beiden Pfoten nimmt und knabber-knabber frißt – darf ich dort nicht hingehen?
মাধব দত্ত । না বাবা!	Mādhab Datta: Nein, mein Kind.
অমল । আমি যদি কাঠবিড়ালি হতুম তবে বেশ হত। কিন্তু পিসেমশায়, আমাকে কেন বেরোতে দেবে না?	Amal: Wenn ich ein Eichhörnchen wäre, das wäre toll. – Aber Onkel, warum darf ich nicht nach draußen gehen?
মাধব দত্ত । কবিরাজ যে বলেছে বাইরে গেলে তোমার অসুখ করবে।	Mādhab Datta: Weil der Doktor gesagt hat, daß du

	krank wirst, wenn du nach draußen gehst.
অমল । কবিরাজ কেমন করে জানলে?	Amal: Woher weiß der Doktor das?
মাধব দত্ত । বল কি অমল! কবিরাজ জানবে না! সে যে এত বড়ো বড়ো পুঁথি পড়ে ফেলেছে!	Mādhav Datta: Aber ich bitte dich, Amal! Wenn's der Doktor nicht weiß! Hat er nicht so viele dicke Bücher durchgelesen!
অমল । পুঁথি পড়লেই কি সমস্ত জানতে পারে?	Amal: Wenn er die Bücher gelesen hat, weiß er dann alles, was es zu wissen gibt?
মাধব দত্ত । বেশ! তাও বুঝি জান না!	Mādhav Datta: Nanu! Das weißt du nicht!
অমল । (দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া) আমি যে পুঁথি কিছুই পড়ি নি- তাই জানি নে।	Amal (einen Seufzer ausstoßend): Schließlich habe ich keine Bücher gelesen – drum weiß ich's nicht.
মাধব দত্ত । দেখো, বড়ো বড়ো পণ্ডিতরা সব তোমারই মতো- তারা ঘর থেকে তো বেরোয় না।	Mādhav Datta: Sieh mal, die großen Gelehrten sind alle wie du, die gehen doch auch nicht aus dem Zimmer.
অমল । বেরোয় না?	Amal: Wirklich nicht?
মাধব দত্ত । না, কখন বেরোবে বলা। তারা বসে বসে কেবল পুঁথি পড়ে- আর কোনো দিকেই তাদের চোখ নেই। অমলবাবু, তুমিও বড়ো হলে পণ্ডিত হবে- বসে বসে এই এত বড়ো বড়ো সব পুঁথি পড়বে- সবাই দেখে আশ্চর্য হয়ে যাবে।	Mādhav Datta: Nein, wann sollten die denn rausgehen? Die sitzen nur da und lesen und blicken sonst überhaupt nirgendwo hin. – Meister Amal, wenn du groß bist, wirst du auch ein Gelehrter – wirst da sitzen und so dicke, fette Bücher alle lesen. Die Menschen werden nur so staunen.
অমল । না না, পিসেমশায়, তোমার দুটি পায়ে পড়ি, আমি পণ্ডিত হব না- পিসেমশায়, আমি পণ্ডিত হব না।	Amal: Nein, nein, Onkel, ich flehe dich an, ich will kein Gelehrter werden, Onkel, ich will kein Gelehrter werden.
মাধব দত্ত । সে কী কথা অমল! যদি পণ্ডিত হতে পারতুম, তা হলে আমি তো বেঁচে যেতুম।	Mādhav Datta: Was soll das heißen, Amal! Wenn ich ein Gelehrter hätte werden können, wäre das meine Rettung gewesen!
অমল । আমি, যা আছে সব দেখব- কেবলই দেখে বেড়াব।	Amal: Aber ich, ich will alles sehen, was es überhaupt gibt. Umherschweifen und <i>nur</i> sehen.
মাধব দত্ত । শোনো একবার! দেখবে কী? দেখবার এত আছেই বা কী?	Mādhav Datta: Da hör mal einer! Was willst du sehen? Gibt's überhaupt so viel zu sehen?
অমল । আমাদের জানলার কাছে বসে সেই যে দূরে পাহাড় দেখা যায়- আমার ভারি ইচ্ছে করে ঐ পাহাড়টা পার হয়ে চলে যাই।	Amal: Der Berg, den man da drüben in der Ferne sieht, wenn man an unserem Fenster sitzt – ich habe

	große Lust, den Berg da zu überqueren und weiter zu wandern.
মাধব দত্ত । কী পাগলের মতো কথা! কাজ নেই কর্ম নেই, খামকা পাহাড়টা পার হয়ে চলে যাই! কী যে বলে তার ঠিক নেই। পাহাড়টা যখন মস্ত বেড়ার মতো উঁচু হয়ে আছে তখন তো বুঝতে হবে ওটা পেরিয়ে যাওয়া বারণ– নইলে এত বড়ো বড়ো পাথর জড়ো করে এত বড়ো একটা কাণ্ড করার দরকার কী ছিল!	Mādhav Datta: Was redest du für ein verrücktes Zeug! Hast nichts zu tun, keine Arbeit – und willst einfach so den Berg überqueren und weggehen! Er weiß nicht, was er redet. Wenn sich der Berg wie ein riesengroßer Zaun auftürmt, dann muß man doch einsehen, daß ihn niemand überqueren darf. Wofür sonst sind so viele große, schwere Steine zu einem solchen Ungetüm aufgehäuft worden?
অমল । পিসেমশায়, তোমার কি মনে হয় ও বারণ করছে? আমার ঠিক বোধ হয় পৃথিবীটা কথা কইতে পারে না, তাই অমনি করে নীল আকাশে হাত তুলে ডাকছে। অনেক দূরের যারা ঘরের মধ্যে বসে থাকে তারাও দুপুরবেলা একলা জানলার ধারে বসে ঐ ডাক শুনতে পায়। পণ্ডিতরা বুঝি শুনতে পায় না?	Amal: Meinst du, der Berg erlaubt's uns nicht, Onkel? Ich bin mir sicher, die Erde kann nicht reden, und darum ruft sie so, mit erhobenen Händen, zum blauen Himmel. Selbst die weit weg in ihrem Zimmer wohnen, auch die können mittags, wenn sie allein am Fenster sitzen, diesen Ruf hören. Die Gelehrten können ihn wohl nicht hören?
মাধব দত্ত । তারা তো তোমার মতো খ্যাপা নয়– তারা শুনতে চায়ও না।	Mādhav Datta: Die sind doch nicht so närrisch wie du. Die wollen ihn auch gar nicht hören.
অমল । আমার মতো খ্যাপা আমি কালকে একজনকে দেখেছিলুম।	Amal: Einen solchen Narren wie mich habe ich gestern einen gesehen..
মাধব দত্ত । সত্যি নাকি? কী রকম শুনি।	Mādhav Datta: Was, wirklich? Wer war denn das?
অমল । তার কাঁধে এক বাঁশের লাঠি। লাঠির আগায় একটা পুঁটুলি বাঁধা। তার বাঁ হাতে একটা ঘটি। পুরানো একজোড়া নাগরাজুতো পরে সে এই মাঠের পথ দিয়ে ঐ পাহাড়ের দিকেই যাচ্ছিল। আমি তাকে ডেকে জিজ্ঞাসা করলুম, তুমি কোথায় যাচ্ছ? সে বললে, কী জানি, যেখানে হয়। আমি জিজ্ঞাসা করলুম, কেন যাচ্ছ? সে বললে, কাজ খুঁজতে যাচ্ছি। আচ্ছা পিসেমশায়, কাজ কি খুঁজতে হয়?	Amal: Auf seiner Schulter einen Bambusstock. Am Stockende ein Bündelchen geknotet. In der linken Hand einen Topf. Mit einem Paar alter Sandalen an den Füßen ging er über diesen Feldweg auf den Berg zu. Ich habe ihn angesprochen und gefragt: „Wohin gehst du?“ Er hat gesagt: „Was weiß ich. Irgendwohin.“ Ich habe gefragt: „Warum gehst du weg?“ Er hat gesagt: „Ich gehe Arbeit suchen.“ – Sag mal, Onkel, muß man Arbeit suchen?
মাধব দত্ত । হয় বৈকি। কত লোক কাজ খুঁজে বেড়ায়।	Mādhav Datta: Gewiß muß man das. So viele Leute laufen herum und suchen Arbeit.
অমল । বেশ তো। আমিও তাদের মতো কাজ খুঁজে বেড়াব।	Amal: Na also. Wie die will auch ich herumlaufen und Arbeit suchen.
মাধব দত্ত । খুঁজে যদি না পাও?	Mādhav Datta: Und wenn du keine findest?
অমল । খুঁজে যদি না পাই তো আবার খুঁজব। তার পরে সেই নাগরাজুতোপরা	Amal: Wenn ich keine finde, suche ich eben noch mal. – Dann ist der Mann, der die alten Sandalen trug,

<p>লোকটা চলে গেল– আমি দরজার কাছে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখতে লাগলুম। সেই যেখানে ডুমুরগাছের তলা দিয়ে ঝরনা বয়ে যাচ্ছে, সেইখানে সে লাঠি নামিয়ে রেখে ঝরনার জলে আশ্বে আশ্বে পা ধুয়ে নিলে তার পরে পুঁটুলি খুলে ছাতু বের করে জল দিয়ে মেখে নিয়ে খেতে লাগল। খাওয়া হয়ে গেলে আবার পুঁটুলি বেঁধে ঘাড়ে করে নিলে পায়ের কাপড় গুটিয়ে নিয়ে সেই ঝরনার ভিতর নেমে জল কেটে কেটে কেমন পার হয়ে চলে গেল। পিসিমাকে বলে রেখেছি ঐ ঝরনার ধারে গিয়ে একদিন আমি ছাতু খাব।</p>	<p>davongegangen, und ich habe ihn von der Tür aus lange beobachtet. Dort, wo unterm Feigenbaum ein Bach fließt, da hat er seinen Stock beiseitegelegt und langsam und sorgfältig im Bachwasser seine Füße gewaschen; dann hat er sein Bündelchen geöffnet, Erbsenmehl herausgeholt, es mit Wasser vermischt und geknetet und hat angefangen zu essen. Nach der Mahlzeit hat er sein Bündelchen geschnürt und auf die Schulter gelegt, hat sein Gewand hochgerafft – und wie anmutig ist er dann Schritt für Schritt durch den Bach gewatet. – Tante habe ich schon gesagt, daß ich eines Tages an diesem Bachufer Erbsenmehl essen will.</p>
<p>মাধব দত্ত । পিসিমা কী বললে? অমল । পিসিমা বললেন, তুমি ভালো হও, তার পর তোমাকে ঐ ঝরনার ধারে নিয়ে গিয়ে ছাতু খাইয়ে আনব। কবে আমি ভালো হব?</p>	<p>Mādhav Datta: Was hat Tante gesagt? Amal: Tante hat gesagt: „Werde erst wieder gesund, dann gehen wir zusammen dort ans Bachufer, und ich gebe dir tüchtig Erbsenmehl zu essen.“ – Wann werde ich wieder gesund?</p>
<p>মাধব দত্ত । আর তো দেরি নেই বাবা!</p>	<p>Mādhav Datta: Es dauert nicht mehr lange, mein Lieber!</p>
<p>অমল । দেরি নেই? ভালো হলেই কিন্তু আমি চলে যাব।</p>	<p>Amal: Nicht mehr lange? Sobald ich gesund bin, gehe ich aber davon.</p>
<p>মাধব দত্ত । কোথায় যাবে?</p>	<p>Mādhav Datta: Wohin willst du denn gehen?</p>
<p>অমল । কত বাঁকা বাঁকা ঝরনার জলে আমি পা ডুবিয়ে ডুবিয়ে পার হতে হতে চলে যাব দুপুরবেলায় সবাই যখন ঘরে দরজা বন্ধ করে শুয়ে আছে, তখন আমি কোথায় কতদূরে কেবল কাজ খুঁজে খুঁজে বেড়াতে বেড়াতে চলে যাব।</p>	<p>Amal: Ich will davongehen und meine Füße ins Wasser vieler sich hierhin und dorthin schlängelnder Bäche eintauchen und einen nach dem anderen überqueren. Mittags, wenn alle hinter verschlossenen Türen ausruhen, dann wandere ich irgendwo in weiter Ferne umher und suche und suche immerzu nach Arbeit.</p>
<p>মাধব দত্ত । আচ্ছা বেশ, আগে তুমি ভালো হও, তার পরে তুমি–</p>	<p>Mādhav Datta: Gut, gut! Werde erst wieder gesund, dann...</p>
<p>অমল । তার পরে আমাকে পণ্ডিত হতে বোলো না পিসেমশায়!</p>	<p>Amal: Dann soll ich ein Gelehrter werden – sage nur das nicht, Onkel.</p>
<p>মাধব দত্ত । তুমি কী হতে চাও বলো।</p>	<p>Mādhav Datta: Was willst du also werden, sag mal.</p>
<p>অমল । এখন আমার কিছু মনে পড়ছে না– আচ্ছা আমি ভেবে বলব।</p>	<p>Amal: Im Augenblick fällt mir nichts ein. – Gut, ich denk darüber nach und sage dir später Bescheid.</p>

মাধব দত্ত । কিন্তু তুমি অমন করে যে - সে বিদেশী লোককে ডেকে ডেকে কথা বোলো না।	Mādhab Datta: Aber, so darfst du nicht irgendwelche wildfremden Leute anreden und mit ihnen plaudern
অমল । বিদেশী লোক আমার ভারি ভালো লাগে।	Amal: Ich habe fremde Leute furchtbar gern.
মাধব দত্ত । যদি তোমাকে ধরে নিয়ে যেত?	Mādhab Datta: Und wenn sie dich gewaltsam mit sich nehmen?
অমল । তাহলে তো সে বেশ হত। কিন্তু আমাকে তো কেউ ধরে নিয়ে যায় না- সব্বাই কেবল বসিয়ে রেখে দেয়।	Amal: Wäre das nicht großartig! Aber mich nimmt keiner gewaltsam mit sich. Alle wollen bloß, daß ich drinnen bleibe.
মাধব দত্ত । আমার কাজ আছে আমি চললুম - কিন্তু বাবা দেখো, বাইরে যেন বেরিয়ে যেয়ো না।	Mādhab Datta: Ich habe zu tun, ich muß weg. Aber, mein Junge, sieh zu, daß du nicht nach draußen gehst.
অমল । যাব না। কিন্তু পিসেমশায়, রাস্তার ধারের এই ঘরটিতে আমি বসে থাকব।	Amal: Nein, nein. Onkel, ich will aber im Zimmer zur Straße hin sitzen bleiben.
২ দইওআলা । দই— দই— ভালো দই!	Zweite Szene Milchmann: Rahm! – Rahm! – Guter Rahm!
অমল । দইওআলা দইওআলা, ও দইওআলা!	Amal: Milchmann! Milchmann! He Milchmann!
দইওআলা । ডাকছ কেন? দই কিনবে?	Milchmann: Warum rufst du mich? Willst du Rahm kaufen?
অমল । কেমন করে কিনব। আমার তো পয়সা নেই।	Amal: Womit soll ich Rahm kaufen? Ich hab doch kein Geld.
দইওআলা । কেমন ছেলে তুমি। কিনবে না তো আমার বেলা বইয়ে দাও কেন?	Milchmann: Du bist ein Kerl! Wenn du nichts kaufen willst, warum vergeudest du dann meine Zeit?
অমল । আমি যদি তোমার সঙ্গে চলে যেতে পারতুম তো যেতুম।	Amal: Wenn ich könnte, würde ich mit dir fortgehen.
দইওআলা । আমার সঙ্গে!	Milchmann: Mit mir!
অমল । হাঁ। তুমি যে কত দূর থেকে হাঁকতে হাঁকতে চলে যাচ্ছ শুনে আমার মন কেমন করছে।	Amal: Gewiß! Wenn du von weitem rufend durch die Straßen ziehst, habe ich ein ganz merkwürdiges Gefühl.
দইওআলা । (দধির বাঁক নামাইয়া) বাবা, তুমি এখানে বসে কী করছ?	Milchmann (die Schultertrage herabnehmend): Warum sitzt du hier am Fenster, mein Junge?

অমল । কবিরাজ আমাকে বেরোতে বারণ করেছে, তাই আমি সারাদিন এইখানেই বসে থাকি।	Amal: Der Doktor hat mir verboten, nach draußen zu gehen. Also muß ich den ganzen Tag hier drin bleiben.
দইগুআলা । আহা, বাছ তোমার কী হয়েছে?	Milchmann: Herrje! Was ist denn los mit dir?
অমল । আমি জানি নে। আমি তো কিছু পড়িনি, তাই আমি জানি নে আমার কী হয়েছে। দইগুআলা, তুমি কোথা থেকে আসছ?	Amal: Weiß ich nicht. Ich geh doch nicht in die Schule. Was weiß ich, was mit mir los ist... Milchmann, wo kommst du her?
দইগুআলা । আমাদের গ্রাম থেকে আসছি।	Milchmann: Aus unserem Dorf.
অমল । তোমাদের গ্রাম? অনেক দূরে তোমাদের গ্রাম?	Amal: Eurem Dorf? Ist das gaaanz weit weg, euer Dorf?
দইগুআলা । আমাদের গ্রাম সেই পাঁচমুড়া পাহাড়ের তলায়। শামলী নদীর ধারে।	Milchmann: Unser Dorf ist dort am Fuß der Pānchmura-Berge. Am Ufer des Flusses Samlī.
অমল । পাঁচমুড়া পাহাড়– শামলী নদী– কী জানি, হয়তো তোমাদের গ্রাম দেখেছি– কবে সে আমার মনে পড়ে না।	Amal: Die Pānchmura-Berge – der Fluß Samlī – wer weiß, vielleicht habe ich euer Dorf schon einmal gesehen. Aber wann, das fällt mir nicht mehr ein.
দইগুআলা । তুমি দেখেছ? পাহাড়তলায় কোনোদিন গিয়েছিলে নাকি?	Milchmann: Du hast unser Dorf wirklich gesehen? Du bist schon mal am Fuß der Berge gewesen, wie?
অমল । না, কোনোদিন যাই নি। কিন্তু আমার মনে হয় যেন আমি দেখেছি। অনেক পুরোনোকালের খুব বড়ো বড়ো গাছের তলায় তোমাদের গ্রাম– একটি লাল রঙের রাস্তার ধারে। না?	Amal: Nee, da gewesen bin ich noch nie. Aber mir scheint, als hätte ich euer Dorf mal gesehen. Im Schatten uralter, riesengroßer Bäume, da liegt euer Dorf. Am Rand einer roten Straße, nicht?
দইগুআলা । ঠিক বলেছ বাবা।	Milchmann: Richtig! Ganz genau, mein Junge.
অমল । সেখানে পাহাড়ের গায়ে সব গোরু চরে বেড়াচ্ছে।	Amal: Und drüben auf den Hängen der Berge grasen alle eure Kühe.
দইগুআলা । কী আশ্চর্য! ঠিক বলছ। আমাদের গ্রামে গোরু চরে বৈকি, খুব চরে।	Milchmann: Großartig! Stimmt genau! In unserem Dorf sollen keine Kühe grasen? Und ob sie da grasen!
অমল । মেয়েরা সব নদী থেকে জল তুলে মাথায় কল্লি করে নিয়ে যায় তাদের লাল শাড়ি পরা।	Amal: Die Frauen schöpfen alle am Fluß Wasser und tragen es in Krügen auf dem Kopf hinauf. Sie haben rote Saris an.
দইগুআলা । বা! বা! ঠিক কথা। আমাদের সব গয়লাপাড়ার মেয়েরা নদী থেকে জল তুলে তো নিয়ে যায়ই। তবে	Milchmann: Toll, toll! Ganz richtig. Alle Frauen aus unserer Nachbarschafti schöpfen tatsächlich am Fluß Wasser und tragen es hinauf. Daß sie aber alle rote

কিনা তারা সবাই যে লাল শাড়ি পরে তা নয় কিন্তু বাবা, তুমি নিশ্চয় কোনোদিন সেখানে বেড়াতে গিয়েছিলে!	Saris tragen, das stimmt nicht ganz. Aber gewiß bist du einmal dort vorbeigekommen, mein Junge.
অমল । সত্যি বলছি দইওয়াল্লা, আমি একদিনও যাই নি। কবিরাজ যেদিন আমাকে বাইরে যেতে বলবে সেদিন তুমি নিয়ে যাবে তোমাদের গ্রামে?	Amal: Ich versprech's dir, Milchmann, ich bin noch nie da gewesen. Nimmst du mich in dein Dorf mit, wenn mich der Doktor nach draußen gehen läßt?
দইওয়াল্লা । যাব বৈকি বাবা, খুব নিয়ে যাব!	Milchmann: Aber gewiß nehm ich dich mit, ganz bestimmt!
অমল । আমাকে তোমার মতো ঐরকম দই বেচতে শিখিয়ে দিয়ো। ঐরকম বাঁক কাঁধে নিয়ে ঐরকম খুব দূরের রাস্তা দিয়ে।	Amal: Zeigst du mir auch, wie du Rahm verkaufst, wie du die Schultertrage balancierst, wie du die fernen, weiten Wege gehst?
দইওয়াল্লা । মরে যাই! দই বেচতে যাবে কেন বাবা? এত এত পুঁথি পড়ে তুমি পণ্ডিত হয়ে উঠবে।	Milchmann: Hör ich recht? <i>Du</i> willst Rahm verkaufen, mein Junge? Warum denn das! <i>So</i> dicke, fette Bücher wirst du lesen und ein richtiger Gelehrter werden.
অমল । না, না, আমি কখনো পণ্ডিত হব না। আমি তোমাদের রাঙা রাস্তার ধারে তোমাদের বুড়ো বটের তলায় গোয়ালপাড়া থেকে দই নিয়ে এসে দূরে দূরে গ্রামে গ্রামে বেচে বেচে বেড়াব। কী রকম করে তুমি বল দই, দই, দই— ভালো দই। আমাকে সুরটা শিখিয়ে দাও।	Amal: Nein, nein! Ich will doch überhaupt kein Gelehrter werden. Von eurer Nachbarschaft, dort neben eurem roten Weg, unter eurem alten Banyanbaum, von dort will ich den Rahm holen und nah und fern, von Dorf zu Dorf wandernd, verkaufen. Wie rufst du noch, sag mal? „Rahm! – Rahm! – Rahm! – Guter Rahm!“ Du mußt mir die Melodie beibringen.
দইওয়াল্লা । হায় পোড়াকপাল! এ সুরও কি শেখবার সুর!	Milchmann: Ach du meine Güte! Gibt's da überhaupt was zu lernen, bei dieser Melodie!
অমল । না, না, ও আমার শুনতে খুব ভালো লাগে। আকাশের খুব শেষ থেকে যেমন পাখির ডাক শুনলে মন উদাস হয়ে যায় তেমনি ঐ রাস্তার মোড় থেকে ঐ গাছের সারির মধ্যে দিয়ে যখন তোমার ডাক আসছিল, আমার মনে হচ্ছিল— কী জানি কী মনে হচ্ছিল!	Amal: Doch, doch! Sie hat mir so gut gefallen. Wie man aus weiter Ferne eine Vogelstimme hört und sich von allem wie losgelöst fühlt – so war's mir, als dein Ruf von der Straßenbiegung her durch die Baumreihe hindurch erscholl; mir war, als ob... Ich weiß nicht, wie mir war.
দইওয়াল্লা । বাবা, এক ভাঁড় দই তুমি খাও।	Milchmann: Mein Lieber, iß doch ein Schälchen Rahm.
অমল । আমার তো পয়সা নেই।	Amal: Aber ich habe kein Geld.

দইওআলা । না না না না- পয়সার কথা বোলো না। তুমি আমার দই একটু খেলে আমি কত খুশি হব।	Milchmann: Nein, nein, nein, nein. Red nicht vom Geld. Iß doch ein wenig meinen Rahm, du weißt gar nicht, wie froh mich das macht.
অমল । তোমার কি অনেক দেরি হয়ে গেল?	Amal: Ist es sehr spät für dich geworden?
দইওআলা । কিচ্ছু দেরি হয় নি বাবা, আমার কোনো লোকসান হয় নি। দই বেচতে যে কত সুখ সে তোমার কাছে শিখে নিলুম।	Milchmann: Ganz und gar nicht, mein Lieber. Geschadet hat's mir überhaupt nicht. Du hast mir gezeigt, wie schön es ist, Rahm zu verkaufen.
[প্রস্থান	Ab.
অমল । (সুর করিয়া) দই, দই, দই, ভালো দই! সেই পাঁচমুড়া পাহাড়ের তলায় শামলী নদীর ধারে গয়লাদের বাড়ির দই। তারা ভোরের বেলায় গাছের তলায় গোরু দাঁড় করিয়ে দুধ দোয়, সন্ধ্যাবেলায় মেয়েরা দই পাতে, সেই দই। দই, দই, দই — ই, ভালো দই! এই - যে রাস্তায় প্রহরী পায়চারি করে বেড়াচ্ছে। প্রহরী, প্রহরী, একটিবার শুনে যাও - না প্রহরী!	Amal (stimmt eine Melodie an): Rahm – Rahm – Rahm – guter Rahm! Der Rahm vom Dorf am Fuß der Pānchmura-Berge, am Ufer des Flusses Samlī, Rahm aus der Nachbarschaft der Milchbauern! Sie stellen im Morgengrauen die Kühe unter einen Baum und melken sie, und abends setzen die Mädchen den Rahm an – diesen Rahm! Rahm – Rahm – Raaahm! – Guter Rahm! Da! Da auf der Straße spaziert der Wächter auf und ab. Wächter! Wächter, hör doch einmal zu, Wächter!
প্রহরীর প্রবেশ প্রহরী । অমন করে ডাকাডাকি করছ কেন? আমাকে ভয় কর না তুমি?	Wächter (tritt ein): Was rufst und schreist du! Hast du kein bißchen Angst vor mir?
অমল । কেন, তোমাকে কেন ভয় করব?	Amal: Wieso? Warum sollte ich Angst vor dir haben?
প্রহরী । যদি তোমাকে ধরে নিয়ে যাই।	Wächter: Wenn ich dich packe und mit mir nehme?
অমল । কোথায় ধরে নিয়ে যাবে? অনেক দূরে? ঐ পাহাড় পেরিয়ে?	Amal: Wohin nimmst du mich mit? Ganz weit weg? Über diesen Berg da und noch weiter?
প্রহরী । একেবারে রাজার কাছে যদি নিয়ে যাই।	Wächter: Wenn ich dich geradewegs zum König bringe?
অমল । রাজার কাছে? নিয়ে যাও না আমাকে। কিন্তু আমাকে যে কবিরাজ বাইরে যেতে বারণ করেছে। আমাকে কেউ কোথাও ধরে নিয়ে যেতে পারবে না- আমাকে কেবল দিনরাত্রি এখানেই বসে থাকতে হবে।	Amal: Zum König? Ja, bitte nimm mich mit. Aber, der Doktor hat mir verboten, nach draußen zu gehen. Niemand darf mich irgendwohin mitnehmen. Ich muß Tag und Nacht bloß hier sitzenbleiben.
প্রহরী । কবিরাজ বারণ করেছে? আহা, তাই বটে- তোমার মুখ যেন সাদা হয়ে গেছে। চোখের কোলে কালি পড়েছে। তোমার হাত দুখানিতে শিরগুলি দেখা যাচ্ছে।	Wächter: Der Doktor hat's dir verboten? Ach, ach, so ist das. Dein Gesicht ist ganz bleich geworden. Unter den Augen hast du dunkle Ringe. Auf deinen Händen

	sieht man die Adern.
অমল । তুমি ঘণ্টা বাজাবে না প্রহরী?	Amal: Willst du nicht die Stunde schlagen, Wächter?
প্রহরী । এখনো সময় হয় নি।	Wächter: Es ist noch nicht Zeit.
অমল । কেউ বলে 'সময় বয়ে যাচ্ছে', কেউ বলে 'সময় হয় নি। আচ্ছা, তুমি ঘণ্টা বাজিয়ে দিলেই তো সময় হবে?	Amal: Die einen sagen: „Es ist Zeit.“ Die anderen sagen: „Es ist noch nicht Zeit.“ Also: ich meine, es ist Zeit, einfach sobald du die Stunde schlägst.
প্রহরী । সে কি হয়। সময় হলে তবে আমি ঘণ্টা বাজিয়ে দিই।	Wächter: Wie ist das möglich! Wenn die Zeit gekommen ist, dann schlage ich die Stunde.
অমল । বেশ লাগে তোমার ঘণ্টা— আমার শুনতে ভারি ভালো লাগে দুপুরবেলা আমাদের বাড়িতে যখন সকলেরই খাওয়া হয়ে যায় পিসেমশায় কোথায় কাজ করতে বেরিয়ে যান, পিসিমা রামায়ণ পড়তে পড়তে ঘুমিয়ে পড়েন, আমাদের খুঁদে কুকুরটা উঠোনে ঐ কোণের ছায়ায় লেজের মধ্যে মুখ গুঁজে ঘুমোতে থাকে তখন তোমার ঐ ঘণ্টা বাজে – ঢং ঢং ঢং, ঢং ঢং ঢং। তোমার ঘণ্টা কেন বাজে?	Amal: Ich mag deine Glocke. Ich höre sie schrecklich gern. Mittags, wenn wir alle gegessen haben – Onkel geht irgendwohin zur Arbeit, Tante liest so lang im “Rāmāyana”, bis sie einnickt, unser kleiner Hund schläft, die Schnauze im Schwanz vergraben, in jener schattigen Ecke des Hofes – dann schlägt deine Glocke „dhong-dhong-dhong – dhong-dhong-dhong.“ ... Warum schlägt deine Glocke?
প্রহরী । ঘণ্টা এই কথা সবাইকে বলে, সময় বসে নেই, সময় কেবলই চলে যাচ্ছে।	Wächter: Die Glocke sagt allen Leuten: Die Zeit bleibt nicht stehen, die Zeit geht weiter, immer weiter
অমল । কোথায় চলে যাচ্ছে? কোন দেশে?	Amal: Wohin geht sie? In welches Land?
প্রহরী । সে কথা কেউ জানে না।	Wächter: Niemand weiß , wohin.
অমল । সে দেশ বুঝি কেউ দেখে আসে নি? আমার ভারি ইচ্ছে করছে ঐ সময়ের সঙ্গে চলে যাই— যে দেশের কথা কেউ জানে না সেই অনেক দূরে।	Amal: Dieses Land hat wirklich noch niemand gesehen? Ich habe große Lust, mit der Zeit zusammen wegzugehen – in ein Land, von dem niemand was weiß , so weit weg ist es.
প্রহরী । সে দেশে সবাইকে যেতে হবে বাবা!	Wächter: In dieses Land muß jeder einmal gehen, mein Junge.
অমল । আমাকেও যেতে হবে?	Amal: Ich auch?
প্রহরী । হবে বৈকি!	Wächter: Aber sicher.
অমল । কিন্তু কবিরাজ যে আমাকে বাইরে যেতে বারণ করেছে।	Amal: Aber der Doktor hat mir doch verboten, nach draußen zu gehen.

<p>প্রহরী । কোনদিন কবিরাজই হয়তো স্বয়ং হাতে ধরে নিয়ে যাবেন! অমল । না না, তুমি তাকে জান না, সে কেবলই ধরে রেখে দেয়।</p>	<p>Wächter: Eines Tages nimmt dich der Doktor vielleicht selbst an der Hand mit! Amal: Nein, nein, du kennst ihn nicht, der hält mich immer nur drinnen fest.</p>
<p>প্রহরী । তার চেয়ে ভালো কবিরাজ যিনি আছেন, তিনি এসে ছেড়ে দিয়ে যান।</p>	<p>Wächter: Es gibt einen noch besseren Doktor, der kommt und macht dich frei.</p>
<p>অমল । আমার সেই ভালো কবিরাজ কবে আসবেন? আমার যে আর বসে থাকতে ভালো লাগছে না।</p>	<p>Amal: Wann kommt dieser gute Doktor zu mir? Ich habe keine Lust, noch länger so sitzenzubleiben.</p>
<p>প্রহরী । অমন কথা বলতে নেই বাবা!</p>	<p>Wächter: So was sagt man nicht, mein Junge.</p>
<p>অমল । না- আমি তো বসেই আছি- যেখানে আমাকে বসিয়ে রেখেছে সেখান থেকে আমি তো বেরোই নে- কিন্তু তোমার ঐ ঘণ্টা বাজে ঢং ঢং ঢং - আর আমার মন কেমন করে। আচ্ছা প্রহরী!</p>	<p>Amal: Wieso, ich sitze doch nur herum. Wo man mich hingesetzt hat, da bleibe ich sitzen. Aber wenn deine Glocke „dhong-dhong-dhong“ schlägt, habe ich ein ganz merkwürdiges Gefühl. Sag mal Wächter!</p>
<p>প্রহরী । কী বাবা?</p>	<p>Wächter: Was denn?</p>
<p>অমল । আচ্ছা, ঐ - যে রাস্তার ওপারের বড়ো বাড়িতে নিশেন উড়িয়ে দিয়েছে, আর ওখানে সব লোকজন কেবলই আসছে যাচ্ছে ওখানে কী হয়েছে?</p>	<p>Amal: Sag mal, dort drüben auf der anderen Straßenseite in dem großen Haus, wo eine Fahne flattert und wo die ganze Zeit Menschen kommen und gehen, was ist da los?</p>
<p>প্রহরী । ওখানে নতুন ডাকঘর বসেছে।</p>	<p>Wächter: Da ist ein neues Postamt eröffnet worden.</p>
<p>অমল । ডাকঘর? কার ডাকঘর?</p>	<p>Amal: Postamt! Wessen Postamt?</p>
<p>প্রহরী । ডাকঘর আর কার হবে? রাজার ডাকঘর! এ ছেলেটি ভারি মজার।</p>	<p>Wächter: Wem wird es schon gehören? Das Postamt des Königs. – (zu sich) Das ist wirklich ein lustiges Bürschlein!</p>
<p>অমল । রাজার ডাকঘরে রাজার কাছ থেকে সব চিঠি আসে? প্রহরী । আসে বৈকি। দেখো একদিন তোমার নামেও চিঠি আসবে।</p>	<p>Amal: Ins Postamt des Königs kommen alle Briefe, die der König schickt? Wächter: Aber gewiß. – Paß auf, eines Tages kommt auch ein Brief für dich.</p>
<p>অমল । আমার নামেও চিঠি আসবে? আমি যে ছেলেমানুষ।</p>	<p>Amal: Für mich soll auch ein Brief kommen? Ich bin doch noch ein Kind.</p>
<p>প্রহরী । ছেলেমানুষকে রাজা এতটুকুটুকু ছোট ছোট চিঠি লেখেন।</p>	<p>Wächter: Kindern schreibt der König oft klitzekleine, winzig-feine Briefe.</p>

অমল । বেশ হবে। আমি কবে চিঠি পাব? আমাকেও তিনি চিঠি লিখবেন তুমি কেমন করে জানলে?	Amal: Großartig. Wann krieg ich den Brief? Woher weißt du, daß er auch mir einen Brief schreiben will?
প্রহরী । তা নইলে তিনি ঠিক তোমার এই খোলা জানলাটার সামনেই অতবড়ো একটা সোনালি রঙের নিশেন উড়িয়ে ডাকঘর খুলতে যাবেন কেন? ছেলেটাকে আমার বেশ লাগছে।	Wächter: Warum würde er sonst genau gegenüber deinem offenen Fenster ein Postamt eröffnen und eine so große, goldene Flagge drauf flattern lassen? – (zu sich) Das Bürschlein gefällt mir immer besser.
অমল । আচ্ছা, রাজার কাছ থেকে আমার চিঠি এলে আমাকে কে এনে দেবে?	Amal: Aber wenn der Brief des Königs im Postamt ankommt, wer bringt ihn mir dann?
প্রহরী । রাজার যে অনেক ডাক - হরকরা আছে- দেখ নি বুকে গোল গোল সোনার তকমা প'রে তারা ঘুরে বেড়ায়।	Wächter: Der König hat doch viele Postboten. Hast du sie noch nie gesehen? Sie laufen überall mit ihren runden, goldenen Schildchen auf der Brust umher.
অমল । আচ্ছা, কোথায় তারা ঘোরে?	Amal: Wo gehen sie denn hin?
প্রহরী । ঘরে ঘরে, দেশে দেশে।- এর প্রশ্ন শুনলে হাসি পায়।	Wächter: Von Haus zu Haus und von Ort zu Ort...(zu sich) Seine Fragen bringen mich wirklich zum Lachen.
অমল । বড়ো হলে আমি রাজার ডাক - হরকরা হব।	Amal: Wenn ich groß bin, werde ich ein Postbote des Königs.
প্রহরী । হা হা হা হা! ডাক - হরকরা! সে ভারি মস্ত কাজ! রোদ নেই বৃষ্টি নেই, গরিব নেই বড়োমানুষ নেই, সকলের ঘরে ঘরে চিঠি বিলি করে বেড়ানো- সে খুব জবর কাজ!	Wächter: Ha ha ha ha! Postbote! Eine <i>sehr</i> wichtige Arbeit! Bei Sonnenschein und Regen, zu Armen und Reichen, von Haus zu Haus zu allen wandern und Briefe zustellen. Das ist eine ganz bedeutende Arbeit!
অমল । তুমি হাসছ কেন! আমার ঐ কাজটাই সকলের চেয়ে ভালো লাগছে। না না তোমার কাজও খুব ভালো- দুপুরবেলা যখন রোদ্দুর ঝাঁঝ করে, তখন ঘণ্টা বাজে ঢং ঢং ঢং- আবার এক - এক দিন রাত্রে হঠাৎ বিছানায় জেগে উঠে দেখি ঘরের প্রদীপ নিবে গেছে, বাইরের কোন অন্ধকারের ভিতর দিয়ে ঘণ্টা বাজে ঢং ঢং ঢং।	Amal: Warum lachst du? Mir gefällt diese Arbeit von allen am besten. Doch, doch – deine Arbeit ist auch sehr gut. Wenn mittags die Sonne brennt und sengt, dann schlägt die Glocke „dhong-dhong-dhong“... Und manchmal wache ich nachts plötzlich auf und sehe, die Lampe im Zimmer ist erloschen und draußen aus dem dunklen Nirgendwo schlägt die Glocke „dhong-dhong-dhong“.
প্রহরী । ঐ যে মোড়ল আসছে- আমি এবার পালাই। ও যদি দেখতে পায় তোমার সঙ্গে গল্প করছি, তা হলেই মুশকিল বাধাবে।	Wächter: Da, der Dorfvorsteher kommt – ich muß weg! Wenn der sieht, daß ich mit dir schwatze, dann schlägt er Krach.
অমল । কই মোড়ল, কই, কই?	Amal: Wo ist der Dorfvorsteher, wo denn, wo?

প্রহরী । ঐ যে, অনেক দূরে। মাথায় একটা মস্ত গোলপাতার ছাতি।	Wächter: Da drüben – weit weg. Überm Kopf hält er einen riesigen Palmblatt-Schirm.
অমল । ওকে বুঝি রাজা মোড়ল করে দিয়েছে?	Amal: Den hat wohl der König zum Dorfvorsteher gemacht.
প্রহরী । আরে না। ও আপনি মোড়লি করে। যে ওকে না মানতে চায় ও তার সঙ্গে দিনরাত এমনি লাগে যে ওকে সকলেই ভয় করে। কেবল সকলের সঙ্গে শত্রুতা করেই ও আপনার ব্যবসা চালায়। আজ তবে যাই, আমার কাজ কামাই যাচ্ছে। আমি আবার কাল সকালে এসে তোমাকে সমস্ত শহরের খবর শুনিয়ে যাব।	Wächter: Aber was, nein! Der hat sich selbst zum Dorfvorsteher gemacht. Wer ihn nicht respektiert, dem setzt er Tag und Nacht so zu, daß alle mit der Angst zu tun kriegen. Der verfeindet sich mit allen, auf diese Weise wickelt er seine Geschäfte ab. Aber für heute gehe ich, sonst kriege ich meine Arbeit nicht getan. Morgen früh komm ich wieder und erzähle dir alle Neuigkeiten aus der Stadt.
[প্রস্থান	Ab.
অমল । রাজার কাছ থেকে রোজ একটা করে চিঠি যদি পাই তা হলে বেশ হয়— এই জানলার কাছে বসে বসে পড়ি। কিন্তু আমি তো পড়তে পারি নে। কে পড়ে দেবে? পিসিমা তো রামায়ণ পড়ে। পিসিমা কি রাজার লেখা পড়তে পারে? কেউ যদি পড়তে না পারে জমিয়ে রেখে দেব, আমি বড়ো হলে পড়ব। কিন্তু ডাক – হরকরা যদি আমাকে না চেনে! মোড়লমশায়, ও মোড়লমশায়— একটা কথা শুনে যাও।	Amal: Wenn ich vom König jeden Tag einen Brief kriegte, wäre das nicht prima. Ich würde ihn hier am Fenster lesen. – Aber ich kann doch gar nicht lesen! Wer wird ihn mir vorlesen? Tante liest doch das “Rāmāyana”, ob sie auch die Briefe des Königs lesen kann? Wenn sie keiner lesen kann, dann laß ich sie auf einem Stoß liegen; und wenn ich groß bin, lese ich sie selbst. Aber wenn mich der Postbote nicht ausfindig macht...! Herr Dorfvorsteher, he Herr Dorfvorsteher! Hör mal zu!
মোড়লের প্রবেশ	Dorfvorsteher tritt ein.
মোড়ল । কে রে! রাস্তার মধ্যে আমাকে ডাকাডাকি করে! কোথাকার বাঁদর এটা!	Dorfvorsteher: Wer da! Wer ruft und schreit auf der Straße hinter mir her! Was für ein Affe ist das!
অমল । তুমি মোড়লমশায়, তোমাকে তো সবাই মানে।	Amal: Du bist der Dorfvorsteher, nicht wahr, vor dir haben alle Respekt.
মোড়ল । (খুশি হইয়া) হাঁ, হাঁ, মানে বৈকি। খুব মানে।	Dorfvorsteher (zufrieden): Gewiß, gewiß. Und ob sie Respekt vor mir haben – großen sogar.
অমল । রাজার ডাক – হরকরা তোমার কথা শোনে?	Amal: Hört der Postbote des Königs auch auf dich?
মোড়ল । না শুনে তার প্রাণ বাঁচে? বাস রে, সাধ্য কী!	Dorfvorsteher: Ha! Käme der mit dem Leben davon! Was redest du da. Hat der überhaupt eine Wahl?

অমল । তুমি ডাক – হরকরাকে বলে দেবে আমারই নাম অমল- আমি এই জানলার কাছটাতে বসে থাকি।	Amal: Kannst du dem Postboten nicht sagen, daß <i>ich</i> Amal heiße – und daß ich hier am Fenster sitze?
মোড়ল । কেন বলো দেখি।	Dorfvorsteher: Warum denn das?
অমল । আমার নামে যদি চিঠি আসে –	Amal: Wenn ich einen Brief kriege...
মোড়ল । তোমার নামে চিঠি! তোমাকে কে চিঠি লিখবে?	Dorfvorsteher: Einen Brief – für dich! Wer soll dir einen Brief schreiben?
অমল । রাজা যদি চিঠি লেখে তা হলে-	Amal: Wenn der König mir einen Brief schreibt, dann...
মোড়ল । হা হা হা হা! এ ছেলেটা তো কম নয়। হা হা হা হা! রাজা তোমাকে চিঠি লিখবে! তা লিখবে বৈকি! তুমি যে তাঁর পরম বন্ধু! কদিন তোমার সঙ্গে দেখা না হয়ে রাজা শুকিয়ে যাচ্ছে, খবর পেয়েছি। আর বেশি দেরি নেই, চিঠি হয়তো আজই আসে কি কালই আসে।	Dorfvorsteher: Ha-ha-ha-ha! Klein – aber oho! dieses Bürschlein. Ha-ha-ha-ha! Der König wird dir einen Brief schreiben! Jawohl, das wird er tun! Du bist doch sein bester Freund! Der König hat dich ein paar Tage lang nicht gesehen, darum ist er trübsinnig geworden, hab ich gehört. Hab ein wenig Geduld, mag sein, daß schon heute oder morgen ein Brief ankommt.
অমল । মোড়লমশায়, তুমি অমন করে কথা কচ্ছ কেন! তুমি কি আমার উপর রাগ করেছ?	Amal: Herr Dorfvorsteher, warum redest du so mit mir? Hast du dich über mich geärgert?
মোড়ল । বাস রে। তোমার উপর রাগ করব! এত সাহস আমার! রাজার সঙ্গে তোমার চিঠি চলে! মাধব দত্তের বড়ো বাড়ি হয়েছে দেখছি। দু পয়সা জমিয়েছে কিনা, এখন তার ঘরে রাজাবাদশার কথা ছাড়া আর কথা নেই। রোসো – না ওকে মজা দেখাচ্ছি। ওরে ছোঁড়া, বেশ, শীঘ্রই যাতে রাজার চিঠি তোদের বাড়িতে আসে, আমি তার বন্দোবস্ত করছি।	Dorfvorsteher: Was! Ich und mich über dich ärgern! Bin ich toll? Über jemanden, der laufend Briefe vom König bekommt! – (zu sich) Mādhab Datta ist ein arroganter Kerl geworden, merke ich. Ein paar Pfennig gespart hat er, und schon redet er zu Hause über nichts anderes als über königliche Herrschaften. Warte nur, dem zeig ich's! – He Kerlchen, ich werde dafür sorgen, daß ihr den Brief des Königs so rasch wie möglich bekommt.
অমল । না, না, তোমাকে কিছু করতে হবে না। মোড়ল । কেন রে? তোর খবর আমি রাজাকে জানিয়ে দেব – তিনি তাহলে আর দেরি করতে পারবেন না- তোমাদের খবর নেওয়ার জন্যে এখনই পাইক পাঠিয়ে দেবেন! – না, মাধব দত্তের ভারি আস্পর্ধা- রাজার কানে একবার উঠলে দুরন্ত হয়ে যাবে।	Amal: Nein, nein, du brauchst nichts zu tun. Dorfvorsteher: Wieso denn? Ich werde dem König von dir erzählen. Dann bleibt ihm nichts anderes übrig, als was zu tun. Sogleich wird er einen Lakaien schicken, um nach euch zu fragen. (Zu sich) Nein, Mādhab Datta ist ein unverschämter Kerl. Wenn das dem König zu Ohren kommt, wird ihm der Kopf zurecht gesetzt.
[প্রস্থান	Ab.
অমল । কে তুমি মল ঝম্ ঝম্ করতে করতে চলেছ- একটু দাঁড়াও – না ভাই।	Amal: Wer bist du mit deinen klingenden -tingelnden

	Fußringen? – Warte ein Weilchen!
বালিকার প্রবেশ বালিকা । আমার কি দাঁড়াবার জো আছে। বেলা বয়ে যায় যে।	Mädchen (tritt ein): Hab ich Zeit zu warten! Es ist schon spät.
অমল । তোমার দাঁড়াতে ইচ্ছা করছে না- আমারও এখানে আর বসে থাকতে ইচ্ছা করে না।	Amal: Du hast keine Lust zu warten – und ich hab keine Lust, hier sitzen zu bleiben.
বালিকা । তোমাকে দেখে আমার মনে হচ্ছে যেন সকালবেলাকার তারা তোমার কী হয়েছে বলো তো।	Mädchen: Wenn ich dich anschau, scheint mir, du bist wie ein später Morgenstern. Was ist los mit dir, sag?
অমল । জানি নে কী হয়েছে, কবিরাজ আমাকে বেরোতে বারণ করেছে।	Amal: Ich weiß nicht, was los ist. Der Doktor hat mir verboten, nach draußen zu gehen.
বালিকা । আহা, তবে বেরিয়ে না- কবিরাজের কথা মেনে চলতে হয় – দুরন্তপনা করতে নেই, তাহলে লোকে দুষ্ট বলবে। বাইরের দিকে তাকিয়ে তোমার মন ছটফট করছে, আমি বরঞ্চ তোমার এই আধখানা দরজা বন্ধ করে দিই।	Mädchen: O je! Geh also nicht nach draußen. Dem Doktor muß man gehorchen. Und nur keine Frechheiten, sonst sagen die Leute noch, du bist ungezogen. Du wirst nur zappelig, wenn du immerzu nach draußen schaut. Besser, ich mache das Fenster ein bißchen zu.
অমল । না, না, বন্ধ কোরো না এখানে আমার আর সব বন্ধ কেবল এইটুকু খোলা। তুমি কে বলো না- আমি তো তোমাকে চিনি নে!	Amal: Nein, nein, mach es ja nicht zu. Alles haben sie mir zugemacht hier, nur das Bißchen ist offen. Wer bist du eigentlich? Ich kenne dich überhaupt nicht.
বালিকা । আমি সুধা।	Mädchen: Ich heiße Sudhā.
অমল । সুধা?	Amal: Sudhā?
সুধা । জান না? আমি এখানকার মালিনীর মেয়ে।	Sudhā: Weißt du das nicht? Ich bin die Tochter der Blumenverkäuferin hier!
অমল । তুমি কী কর?	Amal: Und was machst du?
সুধা । সাজি ভরে ফুল তুলে নিয়ে এসে মালা গাঁথি। এখন ফুল তুলতে চলেছি।	Sudha: Ich pflücke Blumen, fülle den Korb und flechte Kränze daraus. Jetzt geh ich Blumen pflücken.
অমল । ফুল তুলতে চলেছ? তাই তোমার পা দুটি অমন খুশি হয়ে উঠেছে- যতই চলেছ, মল বাজছে ঝাম্ ঝাম্ ঝাম্। আমি যদি তোমার সঙ্গে যেতে পারতুম তা হলে উঁচু ডালে যেখানে দেখা যায় না সেইখান থেকে আমি তোমাকে ফুল পেড়ে দিতুম।	Amal: Du gehst Blumen pflücken? Darum sind deine Füße so fröhlich geworden; wenn du läufst, klingen deine Fußringe „kling-klang, kling-klang“. Wenn ich mit dir gehen könnte, dann würde ich dir von den Zweigen hoch oben Blumen pflücken, wo man sie gar nicht sehen kann.
সুধা । তাই বৈকি! ফুলের খবর আমার চেয়ে তুমি নাকি বেশি জান!	Sudhā: Wirklich! Weißt du also über Blumen besser Bescheid als ich!

অমল । জানি, আমি খুব জানি। আমি সাত ভাই চম্পার খবর জানি। আমার মনে হয়, আমাকে যদি সবাই ছেড়ে দেয় তা হলে আমি চলে যেতে পারি খুব ঘন বনের মধ্যে যেখানে রাস্তা খুঁজে পাওয়া যায় না। সরু ডালের সব – আগায় যেখানে মনুষ্য পাখি বসে বসে দোলা খায় সেইখানে আমি চাঁপা হয়ে ফুটতে পারি। তুমি আমার পারুলদিদি হবে?	Amal: Gewiß. Eine ganze Menge weiß ich. Ich kenn auch die sieben Chāmpā-Brüder. Ich glaube, wenn mich alle nach draußen gehen lassen, dann kann ich losgehen – bis hinein in einen dichten Urwald, wo es weder Weg noch Steg gibt. An den Enden der dünnen Zweige, wo Kolibris sitzen und auf und ab wippen, dort möchte ich als eine Chāmpā-Blüte blühen. Willst du meine Blumenschwester sein?
সুধা । কী বুদ্ধি তোমার! পারুলদিদি আমি কী করে হব! আমি যে সুধা– আমি শশী মালিনীর মেয়ে। আমাকে রোজ এত এত মালা গাঁথতে হয়। আমি যদি তোমার মতো এইখানে বসে থাকতে পারতুম তা হলে কেমন মজা হত!	Sudhā: Wo denkst du hin! Wie kann ich deine Blumenschwester sein! Ich heiße doch Sudhā – meine Mutter ist die Blumenverkäuferin Sasī. Jeden Tag muß ich sooo viele Kränze flechten. Wenn ich herumsitzen könnte wie du, das wäre prima.
অমল । তা হলে সমস্ত দিন কী করতে?	Amal: Was würdest du dann den ganzen Tag tun?
সুধা । আমার বেনে – বউ পুতুল আছে, তার বিয়ে দিতুম। আমার পুষি মেনি আছে, তাকে নিয়ে– যাই, বেলা বয়ে যাচ্ছে, দেরি হলে ফুল আর থাকবে না।	Sudhā: Ich habe eine gelbe Vogelpuppe, die würde ich verheiraten. Ich habe eine Katze Meni, mit der... – Mein Gott, die Zeit vergeht. Ich muß weg, sonst gibt es keine Blumen mehr.
অমল । আমার সঙ্গে আর – একটু গল্প করো না, আমার খুব ভালো লাগছে।	Amal: Plaudere doch noch ein bißchen mit mir – ich finde das so schön.
সুধা । আচ্ছা বেশ, তুমি দুষ্টুমি কোরো না, লক্ষ্মী ছেলে হয়ে এইখানে স্থির হয়ে বসে থাকো, আমি ফুল তুলে ফেরবার পথে তোমার সঙ্গে গল্প করে যাব।	Sudhā: Also gut; sei aber nicht unartig. Bleib hier still sitzen wie ein braver Junge. Wenn ich vom Blumenpflücken zurückkomme, dann schwatze ich noch ein Weilchen mit dir.
অমল । আর আমাকে একটি ফুল দিয়ে যাবে?	Amal: Und bringst du mir eine Blume mit?
সুধা । ফুল অমনি কেমন করে দেব? দাম দিতে হবে যে।	Sudhā: Wie kann ich dir einfach eine Blume geben? Du mußt sie mir bezahlen.
অমল । আমি যখন বড়ো হব তখন তোমাকে দাম দেব। আমি কাজ খুঁজতে চলে যাব ঐ ঝরনা পার হয়ে, তখন তোমাকে দাম দিয়ে যাব।	Amal: Wenn ich groß bin, dann bezahl ich sie dir. Ich werde dort, jenseits des Baches nach Arbeit suchen. Dann bezahl ich sie dir.
সুধা । আচ্ছা বেশ।	Sudhā: So. Na gut.
অমল । তুমি তা হলে ফুল তুলে আসবে?	Amal: Pflückst du also eine Blume für mich?
সুধা । আসব।	Sudhā: Einverstanden.

অমল । আসবে?	Amal: Bestimmt?
সুধা । আসব।	Sudhā: Bestimmt.
অমল । আমাকে ভুলে যাবে না? আমার নাম অমল। মনে থাকবে তোমার?	Amal: Vergißt du mich auch nicht? Ich heiße Amal. Behältst du das auch?
সুধা । না, ভুলব না। দেখো, মনে থাকবে।	Sudhā: Nein, ich vergeß das nicht. Du wirst sehen.
[প্রস্থান	Ab.
ছেলের দলের প্রবেশ	<i>Eine Gruppe von Jungen tritt ein.</i>
অমল । ভাই, তোমরা সব কোথায় যাচ্ছ ভাই? একবার একটুখানি এইখানে দাঁড়াও - না।	Amal: Freunde, wohin so eilig? Wollt ihr nicht einmal ein Weilchen bei mir bleiben!
ছেলেরা । আমরা খেলতে চলেছি।	Jungen: Wir gehen spielen.
অমল । কী খেলবে তোমরা ভাই?	Amal: Was wollt ihr spielen?
ছেলেরা । আমরা চাষ - খেলা খেলব।	Jungen: Wir spielen Bauern.
প্রথম । (লাঠি দেখাইয়া) এই যে আমাদের লাঙল।	Erster Junge (einen Stock zeigend): Das ist unser Pflug.
দ্বিতীয় । আমরা দুজনে দুই গোরু হব।	Zweiter Junge: Wir beide sind die Ochsen.
অমল । সমস্ত দিন খেলবে?	Amal: Den ganzen Tag wollt ihr spielen?
ছেলেরা । হ্যাঁ, সমস্ত দিন-না।	Jungen: Jawohl, den gaaanzen Tag lang!
অমল । তার পরে সন্ধ্যার সময় নদীর ধার দিয়ে দিয়ে বাড়ি ফিরে আসবে?	Amal: Dann geht ihr abends am Flußufer nach Hause zurück?
ছেলেরা । হ্যাঁ, সন্ধ্যার সময় ফিরব।	Jungen: Klar, am Abend gehen wir wieder nach Hause.
অমল । আমার এই ঘরের সামনে দিয়েই ফিরো ভাই।	Amal: Kommt doch auf dem Rückweg bei mir vorbei.
ছেলেরা । তুমি বেরিয়ে এসো - না, খেলবে চলো।	Jungen: Komm doch raus, komm spielen!
অমল । কবিরাজ আমাকে বেরিয়ে যেতে মানা করেছে।	Amal: Der Doktor hat mir verboten, nach draußen zu gehen.
ছেলেরা । কবিরাজ! কবিরাজের মানা তুমি শোন বুঝি! চল্ ভাই চল্ আমাদের দেরি হয়ে যাচ্ছে।	Jungen: Der Doktor! Und dem Doktor gehorchst du also!... Los Freunde, los, wir verspäten uns.

অমল । না ভাই, তোমরা আমার এই জানলার সামনে রাস্তায় দাঁড়িয়ে একটু খেলা করো- আমি একটু দেখি।	Amal: Nicht doch. Spielt ein wenig auf der Straße, hier vor meinem Fenster. Dann kann ich etwas zuschauen.
ছেলেরা । এখনে কী নিয়ে খেলব?	Jungen: Womit sollen wir denn spielen?
অমল । এই - যে আমার সব খেলনা পড়ে রয়েছে- এ - সব তোমরাই নাও ভাই- ঘরের ভিতর একলা খেলতে ভালো লাগে না- এ - সব ধুলোয় ছড়ানো পড়েই থাকে- এ আমার কোনো কাজে লাগে না।	Amal: Hier, meine ganzen Spielsachen liegen herum, nehmt sie alle mit. Ich mag nicht allein im Zimmer spielen. Sie liegen alle verstreut im Staub - ich kann sie nicht gebrauchen.
ছেলেরা । বা, বা, বা, কী চমৎকার খেলনা! এ যে জাহাজ! এ যে জটাইবুড়ি! দেখছিস ভাই? কেমন সুন্দর সেপাই! - এ - সব তুমি আমাদের দিয়ে দিলে? তোমার কষ্ট হচ্ছে না?	Jungen: Junge, Junge, Junge, was für herrliche Spielsachen! Sieh mal, dieses Schiff! Hier, das häßliche Mütterchen. Siehst du, was für ein schöner Soldat! Hast du uns das alles gegeben? Tut's dir nicht leid?
অমল । না, কিছু কষ্ট হচ্ছে না, সব তোমাদের দিলুম।	Amal: Nein, mir tut's überhaupt nicht leid. Alles gehört euch.
ছেলেরা । আর কিন্তু ফিরিয়ে দেব না।	Jungen: Wir geben sie dir aber nicht mehr zurück.
অমল । না, ফিরিয়ে দিতে হবে না।	Amal: Nein, ihr braucht sie mir nicht zurückzugeben.
ছেলেরা । কেউ তো বকবে না?	Jungen: Wird dich auch keiner ausschimpfen?
অমল । কেউ না, কেউ না। কিন্তু রোজ সকালে তোমরা এই খেলনাগুলো নিয়ে আমার এই দরজার সামনে খানিকক্ষণ ধরে খেলো। আবার এগুলো যখন পুরোনো হয়ে যাবে আমি নতুন খেলনা আনিয়ে দেব।	Amal: Niemand, bestimmt. Aber spielt jeden Morgen mit diesen Spielsachen ein wenig vor meinem Fenster. Und wenn diese Spielsachen alt geworden sind, laß ich euch neue bringen.
ছেলেরা । বেশ ভাই, আমরা রোজ এখানে খেলে যাব। ও ভাই, সেপাইগুলোকে এখানে সব সাজা- আমরা লড়াই - লড়াই খেলি। বন্দুক কোথায় পাই? ঐ - যে একটা মস্ত শরকাঠি পড়ে আছে ঐটেকে ভেঙে ভেঙে নিয়ে আমরা বন্দুক বানাই। কিন্তু ভাই তুমি যে ঘুমিয়ে পড়ছ।	Jungen: Einverstanden. Wir kommen jeden Tag hierhin zum Spielen. Hör mal, stellt die Soldaten hier alle in Reih und Glied auf. Wir machen eine Schlacht. Wo kriegen wir Gewehre her? Da schau mal, da liegt ein riesiges Schilfrohr; das brechen wir in Stücke und machen Gewehre draus. - He du, du schläfst ja ein!
অমল । হাঁ, আমার ভারি ঘুম পেয়ে আসছে। জানি নে কেন আমার থেকে থেকে ঘুম পায়। অনেকক্ষণ বসে আছি আমি, আর বসে থাকতে পারছি নে আমার পিঠ ব্যথা করছে।	Amal: Ja, mir fallen die Augen zu. Ich weiß nicht warum, mehrmals am Tag werde ich auf einmal müde. Ich sitze hier schon so lange, jetzt kann ich nicht mehr. Mein Rücken tut mir weh

ছেলেরা । এখন যে সবে এক প্রহর বেলা- এখনই তোমার ঘুম পায় কেন? ঐ শোনো এক প্রহরের ঘণ্টা বাজছে।	Jungen: Es ist doch noch nicht Mittag, warum wirst du jetzt schon müde? Hör nur, da schlägt die Mittagsglocke.
অমল । হাঁ, ঐ যে বাজছে ঢং ঢং ঢং— আমাকে ঘুমোতে যেতে ডাকছে।	Amal: Ja, da schlägt sie – „dhong dhong dhong“. Sie läutet mich in den Schlaf.
ছেলেরা । তবে আমরা এখন যাই, আবার কাল সকালে আসব।	Jungen: Also gehen wir jetzt, morgen früh kommen wir wieder.
অমল । যাবার আগে তোমাদের একটা কথা আমি জিজ্ঞাসা করি ভাই। তোমরা তো বাইরে থাক, তোমরা ঐ রাজার ডাকঘরের ডাক – হরকরাদের চেন?	Amal: Bevor ihr geht, frage ich euch was! Ihr seid doch immer draußen, kennt ihr die Postboten des königlichen Postamts?
ছেলেরা । হাঁ, চিনি বৈকি, খুব চিনি।	Jungen: Gewiß, und ob wir die kennen.
অমল । কে তারা? নাম কী?	Amal: Wer sind sie, wie heißen sie?
ছেলেরা । একজন আছে বাদল হরকরা, একজন আছে শরৎ- আরো কত আছে।	Jungen: Ein Postbote heißt Bādal, einer heißt Sarat – es gibt noch so viele andere.
অমল । আচ্ছা, আমার নামে যদি চিঠি আসে তারা কি আমাকে চিনতে পারবে?	Amal: Also, wenn ein Brief für mich ankommt, ob die mich wohl ausfindig machen?
ছেলেরা । কেন পারবে না? চিঠিতে তোমার নাম থাকলেই তারা তোমাকে ঠিক চিনে নেবে।	Jungen: Warum denn nicht? Wenn dein Name auf dem Brief steht, machen sie dich bestimmt ausfindig.
অমল । কাল সকালে যখন আসবে তাদের একজনকে ডেকে এনে আমাকে চিনিয়ে দিয়ে না।	Amal: Wenn ihr morgen kommt, könnt ihr nicht einen mitbringen und mich mit ihm bekannt machen?
ছেলেরা । আচ্ছা দেব ।	Jungen: Also gut, machen wir.
৩ অমল শয্যাগত	Dritte Szene <i>Amal liegt im Bett.</i>
অমল । পিসেমশায়, আজ আর আমার সেই জানলার কাছেও যেতে পারব না? কবিরাজ বারণ করেছে?	Amal: Onkel, darf ich heute nicht einmal an meinem Fenster sitzen? Hat es der Doktor verboten?
মাধব দত্ত । হাঁ বাবা। সেখানে রোজ রোজ বসে থেকেই তো তোমার ব্যামো বেড়ে গেছে।	Mādhav Datta: Ja gewiß, dein Zustand ist ja noch schlimmer geworden, weil du Tag für Tag da hockst.
অমল । না পিসেমশায়, না- আমার ব্যামোর কথা আমি কিছুই জানি নে কিন্তু সেখানে থাকলে আমি খুব ভালো থাকি।	Amal: Nein, Onkel, nein! Was weiß ich schon über meine Krankheit. Aber wenn ich da sitze, fühl ich mich so wohl.

মাধব দত্ত । সেখানে বসে বসে তুমি এই শহরের যত রাজ্যের ছেলেবুড়ো সকলের সঙ্গেই ভাব করে নিয়েছ আমার দরজার কাছে রোজ যেন একটা মস্ত মেলা বসে যায়- এতেও কি কখনো শরীর টেকে। দেখো দেখি, আজ তোমার মুখখানা কী রকম ফ্যাকাশে হয়ে গেছে!	Mādhav Datta: Du sitzt da und hast dich mit jung und alt aus der ganzen Nachbarschaft angefreundet. Vor meinem Haus tut sich jeden Tag geradezu ein Jahrmarkt auf. Wie kannst du dabei gesund werden! Sieh mal, wie bleich du heute aussiehst!
অমল । পিসেমশায়, আমার সেই ফকির হয়তো আজ আমাকে জানলার কাছে না দেখতে পেয়ে চলে যাবে।	Amal: Onkel, vielleicht geht mein Fakir wieder weg, wenn er mich nicht am Fenster sieht.
মাধব দত্ত । তোমার আবার ফকির কে?	Mādhav Datta: Dein Fakir, wer ist denn das?
অমল । সেই যে রোজ আমার কাছে এসে নানা দেশবিদেশের কথা বলে যায়- শুনতে আমার ভারি ভালো লাগে।	Amal: Der da, der jeden Tag zu mir kommt und mir von der ganzen Welt erzählt. Ich hör ihm furchtbar gern zu.
মাধব দত্ত । কই আমি তো কোনো ফকিরকে জানি নে।	Mādhav Datta: Wieso? Ich kenne hier keinen Fakir.
অমল । এই ঠিক তার আসবার সময় হয়েছে তোমার পায়ে পড়ি, তুমি তাকে একবার বলে এসো - না, সে যেন আমার ঘরে এসে একবার বসে।	Amal: Genau um diese Zeit kommt er. Ich flehe dich an, kannst du ihm nicht mal Bescheid geben, damit er in mein Zimmer kommt und sich ein wenig zu mir setzt.
ফকিরবেশে ঠাকুরদার প্রবেশ	<i>Opa tritt in der Verkleidung eines Fakirs ein.</i>
অমল । এই - যে, এই - যে ফকির- এসো আমার বিছানায় এসে বসো।	Amal: Da ist er! Da ist ja der Fakir! Komm und setz dich auf mein Bett.
মাধব দত্ত । এ কী! এ যে -	Mādhav Datta: Was ist denn das! Das ist doch...
ঠাকুরদা । (চোখ ঠারিয়া) আমি ফকির।	Opa (mit den Augen zwinkernd): Ich bin der Fakir.
মাধব দত্ত । তুমি যে কী নও তা তো ভেবে পাই নে!	Mādhav Datta: Was du nicht alles bist, das ist gar nicht auszudenken.
অমল । এবারে তুমি কোথায় গিয়েছিলে ফকির?	Amal: Wo bist du diesmal gewesen, Fakir?
ঠাকুরদা । আমি ক্রৌঞ্চদ্বীপে গিয়েছিলুম - সেইখান থেকেই এইমাত্র আসছি।	Opa: Ich bin auf der Insel der Störche gewesen, gerade erst komme ich zurück.
মাধব দত্ত । ক্রৌঞ্চদ্বীপে?	Mādhav Datta: Auf der Insel der Störche?
ঠাকুরদা । এতে আশ্চর্য হও কেন? তোমাদের মতো আমাকে পেয়েছ? আমার তো যেতে কোনো খরচ নেই। আমি যেখানে খুশি যেতে পারি।	Opa: Was bist du so überrascht? Wollt ihr euch mit mir vergleichen? Ich brauche doch kein Fahrgeld zu bezahlen. Ich kann reisen, wohin ich will.

অমল । (হাততালি দিয়া) তোমার ভারি মজা। আমি যখন ভালো হব তখন তুমি আমাকে চেলা করে নেবে বলেছিলে, মনে আছে ফকির?	Amal (in die Hände klatschend): Was für ein Glück du hast! Wenn's mir wieder gut geht, machst du mich zu deinem Schüler, hast du gesagt. Vergißt du das auch nicht, Fakir?
ঠাকুরদা । খুব মনে আছে। বেড়াবার এমন সব মন্ত্র শিখিয়ে দেব যে সমুদ্রে পাহাড়ে অরণ্যে কোথাও কিছুতে বাধা দিতে পারবে না।	Opa: Auf keinen Fall. Ich werde dir Zaubersprüche beibringen, mit denen kannst du überall hingehen – und weder auf Meeren, noch auf Bergen, noch in Wäldern wird dich irgend etwas aufhalten können.
মাধব দত্ত । এ – সব কী পাগলের মতো কথা হচ্ছে তোমাদের!	Mādhav Datta: Was redet ihr für dummes Zeug!
ঠাকুরদা । বাবা অমল, পাহাড় – পর্বত – সমুদ্রকে ভয় করি নে কিন্তু তোমার এই পিসেটির সঙ্গে যদি আবার কবিরাজ এসে জোটেন তা হলে আমার মন্ত্রকে হার মানতে হবে।	Opa: Mein lieber Amal, ich habe weder vor Bergen noch vor Meeren Angst; aber wenn dein Onkel sich wieder mit diesem Doktor zusammentut, dann nutzen alle meine Zaubersprüche nichts.
অমল । না, না, পিসেমশায়, তুমি কবিরাজকে কিছু বোলো না। এখন আমি এইখানেই শুয়ে থাকব, কিছুর করব না – কিন্তু যেদিন আমি ভালো হব সেইদিনই আমি ফকিরের মন্ত্র নিয়ে চলে যাব নদী – পাহাড় – সমুদ্রে আমাকে আর ধরে রাখতে পারবে না।	Amal: Nein, nein, Onkel, sag dem Doktor nur ja nichts. Jetzt bleibe ich hier liegen, ganz ruhig. Aber wenn ich wieder gesund bin, dann sagt der Fakir mir seine Zaubersprüche, und ich gehe noch am selben Tag davon. Flüsse, Berge, Meere können mich dann nicht mehr zurückhalten.
মাধব দত্ত । ছি, বাবা, কেবলই অমন যাই – যাই করতে নেই – শুনলে আমার মন কেমন খারাপ হয়ে যায়।	Mādhav Datta: Pfui, liebes Kind! Sprich nicht immerzu vom Weggehen. Mir wird ganz traurig zumute dabei.
অমল । ক্রৌঞ্চদ্বীপ কিরকম দ্বীপ আমাকে বোলো না ফকির!	Amal: Was ist das für eine Insel, die Insel der Störche? Erzähl doch mal, Fakir.
ঠাকুরদা । সে ভারি আশ্চর্য জায়গা । সে পাখিদের দেশ – সেখানে মানুষ নেই । তারা কথা কয় না, চলে না, তারা গান গায় আর ওড়ে।	Opa: Das ist ein ganz wunderlicher Ort. Das ist das Land der Vögel. Dort gibt es überhaupt keine Menschen. Die Vögel sprechen nicht, laufen nicht. Sie singen und fliegen nur.
অমল । বাঃ, কী চমৎকার! সমুদ্রের ধারে?	Amal: Toll! Wie wunderbar! Liegt es am Meer?
ঠাকুরদা । সমুদ্রের ধারে বৈকি।	Opa: Natürlich liegt es am Meer.
অমল । সব নীল রঙের পাহাড় আছে?	Amal: Gibt es dort überall blaue Hügel?

<p>ঠাকুরদা । নীল পাহাড়েই তো তাদের বাসা। সন্দের সময় সেই পাহাড়ের উপর সূর্যাস্তের আলো এসে পড়ে আর ঝাঁকে ঝাঁকে সবুজ রঙের পাখি তাদের বাসায় ফিরে আসতে থাকে— সেই আকাশের রঙে পাখির রঙে পাহাড়ের রঙে সে এক কাণ্ড হয়ে ওঠে।</p>	<p>Opa: Gewiß , in den blauen Hügeln wohnen doch die Vögel. Bei Sonnenuntergang fällt auf die Hügel das Abendlicht, und ein Schwarm grüner Vögel nach dem anderen kehrt zu seinen Nestern zurück... Die Farbe des Himmels, die Farbe der Vögel, die Farbe der Berge vereinigen sich zu <i>einem</i> großartigen Erlebnis.</p>
<p>অমল । পাহাড়ে ঝরনা আছে?</p>	<p>Amal: Gibt es auch Bäche in den Hügeln?</p>
<p>ঠাকুরদা । বিলক্ষণ! ঝরনা না থাকলে কি চলে! একেবারে হীরে গলিয়ে ঢেলে দিচ্ছে। আর, তার কী নৃত্য! নুড়িগুলোকে ঠুং ঠাং ঠুং ঠাং করে বাজাতে বাজাতে কেবলই কল্ কল্ ঝর্ ঝর্ করতে করতে ঝরনাটি সমুদ্রের মধ্যে গিয়ে ঝাঁপ দিয়ে পড়ছে। কোনো কবিরাজের বাবার সাধ্য নেই তাকে একদণ্ড কোথাও আটকে রাখা। পাখিগুলো আমাকে নিতান্ত তুচ্ছ একটা মানুষ বলে যদি একঘরে করে না রাখত তা হলে ঐ ঝরনার ধারে তাদের হাজার হাজার বাসার একপাশে বাসা বেঁধে সমুদ্রের ঢেউ দেখে দেখে সমস্ত দিনটা কাটিয়ে দিতুম।</p>	<p>Opa: Gewiß! Als ob es Hügel ohne Bäche gäbe! Das Wasser fällt herab wie flüssige Diamanten. Und wie es tanzt! Polternd und tosend springt der Bach zum Meer hinab, über die Kieselsteine hinweg, die klirrend und klingend gegeneinander schlagen. Kein Nashorn von einem Doktor hat da die Macht, sie auch nur einen Augenblick aufzuhalten. Wenn mich die Vögel nicht daran hinderten, weil ich nur ein dummes, kleines Geschöpf bin, dann würde ich am Rand dieses Baches neben ihren vielen tausend Nestern selbst ein Hüttchen bauen und im Anblick des rauschenden Meeres den ganzen Tag verbringen.</p>
<p>অমল । আমি যদি পাখি হতুম তা হলে -</p>	<p>Amal: Wenn ich ein Vogel wäre, dann...</p>
<p>ঠাকুরদা । তা হলে একটা ভারি মুশকিল হত। শুনলুম, তুমি নাকি দইওআলাকে বলে রেখেছ বড়ো হলে তুমি দই বিক্রি করবে— পাখিদের মধ্যে তোমার দইয়ের ব্যবসাসটা তেমন বেশ জমত না। বোধ হয় ওতে তোমার কিছু লোকসানই হত।</p>	<p>Opa: Das wäre ja nicht auszudenken. Ich habe gehört, du hast dem Milchmann gesagt, daß du Rahm verkaufen willst, wenn du groß bist. Bei den Vögeln würde dein Rahmhandel nicht allzu viel einbringen. Ich fürchte, du würdest dabei sogar Verluste machen.</p>
<p>মাধব দত্ত । আর তো আমার চলল না। আমাকে সুদ্র তোমরা খেপিয়ে দেবে দেখছি। আমি চললুম।</p>	<p>Mādhav Datta: Ich halt's hier nicht mehr aus. Mich macht ihr auch noch ganz närrisch. Bis später...</p>
<p>অমল । পিসেমশায়, আমার দইওআলা এসে চলে গেছে?</p>	<p>Amal: Onkel! Ist mein Milchmann wieder weggegangen?</p>
<p>মাধব দত্ত । গেছে বৈকি। তোমার ঐ শখের ফকিরের তলপি বয়ে ক্রৌঞ্চদ্বীপের পাখির বাসায় উড়ে বেড়ালে তার তো পেট চলে না। সে তোমার জন্য এক ভাঁড় দই রেখে গেছে। বলে গেছে, তাদের গ্রামে তার বোনঝির বিয়ে— তাই সে কলমিপাড়ায়</p>	<p>Mādhav Datta: Natürlich ist er weggegangen! Der kann doch seinen Magen nicht füllen, wenn er auf der Insel der Störche mit dem Bündel deines vielgeliebten Fakir von Nest zu Nest streunt. Er hat für dich ein Schälchen Rahm zurückgestellt. Er hat gesagt, in seinem Dorf feiern sie die Hochzeit seiner Nichte. Darum ist er nach Kalmipārā gegangen, um ein paar</p>

বাঁশির ফরমাশ দিতে যাচ্ছে তাই বড়ো ব্যস্ত আছে।	Flötenspieler zu holen. Darum hat er jetzt viel zu tun.
অমল । সে যে বলেছিল, আমার সঙ্গে তার ছোটো বোনঝিটির বিয়ে দেবে।	Amal: Aber er hat gesagt, daß er <i>mich</i> mit seiner jungen Nichte verheiraten will.
ঠাকুরদা । তবে তো বড়ো মুশকিল দেখছি।	Opa: Das bringt uns aber in eine schwierige Lage.
অমল । বলেছিল, সে আমার টুকটুকে বউ হবে— তার নাকে নোলক, তার লাল ডুরে শাড়ি। সে সকালবেলা নিজের হাতে কালো গোরু দুইয়ে নতুন মাটির ভাঁড়ে আমাকে ফেনাসুদ্ধ দুধ খাওয়াবে, আর সন্দের সময় গোয়ালঘরে প্রদীপ দেখিয়ে এসে আমার কাছে বসে সাত ভাই চম্পার গল্প করবে।	Amal: Er hat gesagt, sie soll meine liebe kleine Frau werden. Sie wird einen kleinen Ring im Nasenflügel tragen und einen rotgestreiften Sari. Morgens wird sie selbst die schwarze Kuh melken und mir in einem neuen irdenen Gefäß schaumige Milch zu trinken geben. Und abends geht sie zuerst im Kuhstall mit dem heiligen Licht umher, dann setzt sie sich neben mich und erzählt mir von den Chāmpā-Brüdern.
ঠাকুরদা । বা, বা, খাসা বউ তো! আমি যে ফকির মানুষ আমারই লোভ হয়। তা বাবা ভয় নেই, এবারকার মতো বিয়ে দিক – না, আমি তোমাকে বলছি, তোমার দরকার হলে কোনোদিন ওর ঘরে বোনঝির অভাব হবে না।	Opa: Was! Eine tolle Frau! Selbst ein Fakir wie ich wird ganz neidisch. Aber hab keine Angst, mein Lieber, laß ihn diesmal ruhig die Nichte verheiraten. Ich verspreche dir, wenn du eine brauchst, gibt es immer noch eine andere in dieser Familie.
মাধব দত্ত । যাও, যাও আর তো পারা যায় না।	Mādhav Datta: Hör auf! Das geht wirklich zu weit.
[প্রস্থান	Ab.
অমল । ফকির, পিসেমশায় তো গিয়েছেন— এইবার আমাকে চুপিচুপি বলো না ডাকঘরে কি আমার নামে রাজার চিঠি এসেছে।	Amal: So, der Onkel ist weg, Fakir. Kannst du mir jetzt nicht heimlich-leis ins Ohr sagen, ob im Postamt für mich ein Brief vom König angekommen ist?
ঠাকুরদা । শুনেছি তো তাঁর চিঠি রওনা হয়ে বেরিয়েছে। সে – চিঠি এখন পথে আছে।	Opa: Gewiß, ich hab gehört, der Brief ist schon abgeschickt worden. Er ist unterwegs.
অমল । পথে? কোন্ পথে! সেই যে বৃষ্টি হয়ে আকাশ পরিষ্কার হয়ে গেলে অনেক দূরে দেখা যায়, সেই ঘন বনের পথে?	Amal: Unterwegs? Auf welchem Weg? Auf dem Weg in jenem dunklen Wald, den man weit-weit entfernt sehen kann, wenn der Himmel klar ist nach einem Regenschauer – auf <i>dem</i> Weg?
ঠাকুরদা । তবে তো তুমি সব জান দেখছি, সেই পথেই তো।	Opa: Du weißt also wirklich alles – genau auf diesem Weg.
অমল । আমি সব জানি ফকির!	Amal: Alles weiß ich, Fakir!

ঠাকুরদা । তাই তো দেখতে পাচ্ছি- কেমন করে জানলে?	Opa: Das merke ich. Woher denn nur?
অমল । তা আমি জানি না। আমি যেন চোখের সামনে দেখতে পাই- মনে হয় যেন আমি অনেকবার দেখেছি- সে অনেকদিন আগে - কতদিন তা মনে পড়ে না। বলব? আমি দেখতে পাচ্ছি, রাজার ডাক - হরকরা পাহাড়ের উপর থেকে একলা কেবলই নেমে আসছে- বাঁ হাতে তার লন্ঠন, কাঁধে তার চিঠির থলি। কত দিন কত রাত ধরে সে কেবলই নেমে আসছে। পাহাড়ের পায়ের কাছে ঝরনার পথ যেখানে ফুরিয়েছে সেখানে বাঁকা নদীর পথ ধরে সে কেবলই চলে আসছে- নদীর ধারে জোয়ারির খেত, তারই সরু গলির ভিতর দিয়ে দিয়ে সে কেবলই আসছে- তার পরে আখের খেত- সেই আখের খেতের পাশ দিয়ে উঁচু আল চলে গিয়েছে, সেই আলের উপর দিয়ে সে কেবলই চলে আসছে- রাতদিন একলাটি চলে আসছে; খেতের মধ্যে ঝাঁঝ পোকা ডাকছে- নদীর ধারে একটিও মানুষ নেই, কেবল কাদা - খোঁচা লেজ দুলিয়ে দুলিয়ে বেড়াচ্ছে- আমি সমস্ত দেখতে পাচ্ছি। যতই সে আসছে দেখছি, আমার বুকের ভিতরে ভারি খুশি হয়ে হয়ে উঠছে।	Amal: <i>Das</i> weiß ich nicht. Aber mir steht es genau vor Augen: Mir scheint, ich hab es schon oft gesehen, vor langer Zeit, genau wann, daran kann ich mich nicht erinnern. Soll ich's dir erzählen? Ich sehe, wie der Postbote des Königs allein vom Berg immer tiefer herabsteigt - in der linken Hand hält er eine Laterne, über die Schulter gehängt seine Brieftasche! Tagelang, nächtelang steigt er immer tiefer herab. Am Fuße des Berges, wo der Bach in den Fluß einmündet, da geht er am Fluß entlang, der sich durchs Tal schlängelt, und kommt immer näher. Auf dem schmalen Pfad mitten durch das Hirsefeld am Flußufer kommt er immer näher - danach das Zuckerrohrfeld; er geht auf dem hohen Feldrain neben dem Zuckerrohrfeld entlang, und auf diesem Feldrain kommt er immer näher; Tag und Nacht kommt er allein näher; im Feld zirpen die Grillen, am Flußufer ist sonst alles menschenleer, nur eine Schnepfe hüpf, mit dem Schwanz wippend, umher. Alles sehe ich vor mir. Je näher ich ihn kommen sehe, desto froher, immer froher wird mir zumute.
ঠাকুরদা । অমন নবীন চোখ তো আমার নেই তবু তোমার দেখার সঙ্গে সঙ্গে আমিও দেখতে পাচ্ছি।	Opa: Meine Augen sind nicht mehr so jung; aber wenn du erzählst, dann sehe ich auch alles vor mir.
অমল । আচ্ছা ফকির, যাঁর ডাকঘর তুমি সেই রাজাকে জান?	Amal: Sag mal, Fakir, kennst du den König, dem das Postamt gehört?
ঠাকুরদা । জানি বৈকি। আমি যে তাঁর কাছে রোজ ভিক্ষা নিতে যাই।	Opa: Gewiß kenne ich ihn. Ich bekomme doch jeden Tag Almosen von ihm.
অমল । সে তো বেশ! আমি ভালো হয়ে উঠলে আমিও তাঁর কাছে ভিক্ষা নিতে যাব। পারব না যেতে?	Amal: Großartig. Wenn ich gesund bin, laß ich mir auch vom König Almosen geben. Das schaff ich doch?
ঠাকুরদা । বাবা, তোমার আর ভিক্ষার দরকার হবে না, তিনি তোমাকে যা দেবেন অমনিই দিয়ে দেবেন।	Opa: Aber du brauchst doch keine Almosen mehr betteln. Was er dir gibt, das gibt er ungefragt.
অমল । না, না, আমি তাঁর দরজার সামনে পথের ধারে দাঁড়িয়ে জয় হোক বলে ভিক্ষা চাইব- আমি খঞ্জনি বাজিয়ে নাচব- সে বেশ হবে, না?	Amal: Nein, nein, ich stelle mich vor seiner Tür an den Wegrand, rufe „Heil dir König!“ und bitte um ein Almosen. Ich tanze und begleite mich dabei auf der

	Schellentrommel. Wäre das nicht großartig?
ঠাকুরদা । সে খুব ভালো হবে। তোমাকে সঙ্গে করে নিয়ে গেলে আমারও পেট ভরে ভিক্ষা মিলবে। তুমি কী ভিক্ষা চাইবে? অমল । আমি বলব, আমাকে তোমার ডাক – হরকরা করে দাও, আমি অমনি লণ্ঠন হাতে ঘরে ঘরে তোমার চিঠি বিলি করে বেড়াব। জান ফকির, আমাকে একজন বলেছে আমি ভালো হয়ে উঠলে সে আমাকে ভিক্ষা করতে শেখাবে। আমি তার সঙ্গে যেখানে খুশি ভিক্ষা করে বেড়াব।	Opa: Sehr gut wäre das. Wenn ich dich auf meinen Gängen mitnehme, bekomme ich bestimmt genug Almosen, um meinen Magen zu füllen. Was für Almosen willst du haben? Amal: Ich werde sagen: „Mache mich zu deinem Postboten. Ich werde auch mit solch einer Laterne in der Hand von Tür zu Tür gehen und deine Briefe verteilen.“ – Weißt du was, Fakir! Mir hat jemand gesagt, wenn ich wieder gesund bin, wird er mir beibringen, wie man um Almosen bittet. Mit dem werde ich umherwandern, wohin ich gerade will, und von Almosen leben.
ঠাকুরদা । কে বলো দেখি?	Opa: Wer ist denn das?
অমল । ছিদাম।	Amal: Chidam.
ঠাকুরদা । কোন্ ছিদাম?	Opa: Welcher Chidam?
অমল । সেই যে অন্ধ খোঁড়া। সে রোজ আমার জানলার কাছে আসে। ঠিক আমার মতো একজন ছেলে তাকে চাকার গাড়িতে করে ঠেলে ঠেলে নিয়ে বেড়ায়। আমি তাকে বলেছি, আমি ভালো হয়ে উঠলে তাকে ঠেলে ঠেলে নিয়ে বেড়াব।	Amal: Der Blinde da, der Krüppel. Er kommt jeden Tag zu meinem Fenster. Ein Junge schiebt ihn auf einem Karren überall hin, ein Junge, genauso alt wie ich. Ich habe Chidam gesagt, wenn ich wieder gesund bin, schiebe ich ihn überall herum.
ঠাকুরদা । সে তো বেশ মজা হবে দেখছি।	Opa: Das wird ja ein großer Spaß.
অমল । সেই আমাকে বলেছে কেমন করে ভিক্ষা করতে হয় আমাকে শিখিয়ে দেবে। পিসেমশায়কে আমি বলি ওকে ভিক্ষা দিতে, তিনি বলেন ও মিথ্যা কানা, মিথ্যা খোঁড়া। আচ্ছা, ও যেন মিথ্যা কানা – ই হল, কিন্তু চোখে দেখতে পায় না– সেটা তো সত্যি।	Amal: <i>Der</i> hat mir gesagt, daß er mir beibringen will, wie man um Almosen bittet. Meinem Onkel sag ich immerzu, er soll ihm Almosen geben. Der aber meint, er ist ein falscher Blinder, ein falscher Krüppel, der tut nur so. Also, mag sein, daß er ein falscher Blinder ist, aber daß er nicht sehen kann, das stimmt doch?
ঠাকুরদা । ঠিক বলেছ বাবা, ওর মধ্যে সত্যি হচ্ছে ঐটুকু যে, ও চোখে দেখতে পায় না– তা ওকে কানা বল আর না – ই বল। তা ও ভিক্ষা পায় না, তবে তোমার কাছে বসে থাকে কী করতে।	Opa: Ganz richtig, mein Junge. <i>Das</i> ist aber auch das Einzige, was an ihm stimmt: daß er nicht sehen kann. Du kannst also sagen: Er ist blind, oder auch: Er ist nicht blind – es kommt ganz drauf an. Aber, von dir bekommt er doch kein Almosen, warum hockt er also

	bei dir herum?
অমল । ওকে যে আমি শোনাই কোথায় কী আছে। বেচারা দেখতে পায় না। তুমি যে - সব দেশের কথা আমাকে বল সে - সব আমি ওকে শুনিয়ে দিই। তুমি সেদিন আমাকে সেই যে হালকা দেশের কথা বলেছিলে, যেখানে কোনো জিনিসের কোনো ভার নেই- যেখানে একটু লাফ দিলেই অমনি পাহাড় ডিঙিয়ে চলে যাওয়া যায়, সেই হালকা দেশের কথা শুনে ও ভারি খুশি হয়ে উঠেছিল। আচ্ছা ফকির, সে দেশে কোন্ দিক দিয়ে যাওয়া যায়?	Amal: Ich sag ihm, was wo liegt. Der arme Kerl kann doch nicht sehen. Was du mir alles von fremden Ländern berichtest, das erzähle ich ihm alles weiter. Was du mir damals über das schwerelose Land gesagt hast, wo alle Dinge überhaupt kein Gewicht haben, wo man mit einem kleinen Hüpfen sofort über einen Berg springen kann – als er von diesem schwerelosen Land hörte, war er ganz verrückt vor Freude. – Hör mal, Fakir, wie kommt man zu diesem Land?
ঠাকুরদা । ভিতরের দিক দিয়ে সে একটা রাস্তা আছে, সে হয়তো খুঁজে পাওয়া শক্ত।	Opa: Es gibt, glaub ich, einen Weg, der durch das Innere führt. Aber den zu finden, wird nicht ganz leicht sein.
অমল । ও বেচারা যে অধ, ও হয়তো দেখতেই পাবে না- ওকে কেবল ভিক্ষাই করে বেড়াতে হবে। তাই নিয়ে ও দুঃখ করছিল- আমি ওকে বললুম ভিক্ষা করতে গিয়ে তুমি যে কত বেড়াতে পাও, সবাই তো সে পায় না।	Amal: Der arme Kerl ist doch blind, der findet ihn vielleicht überhaupt nicht. Er kann nur rumlaufen und um Almosen bitten. Deshalb war er ein wenig betrübt. Ich hab ihm gesagt, du kommst doch weit herum, wenn du Almosen sammelst, das schafft doch längst nicht jeder.
ঠাকুরদা । বাবা, ঘরে বসে থাকলেই বা এত কিসের দুঃখ?	Opa: Aber was grämst du dich so sehr, nur weil du zu Hause bleiben mußt?
অমল । না, না, দুঃখ নেই। প্রথমে যখন আমাকে ঘরের মধ্যে বসিয়ে রেখে দিয়েছিল আমার মনে হয়েছিল যেন দিন ফুরোচ্ছে না, আমাদের রাজার ডাকঘর দেখে অবধি এখন আমার রোজই ভালো লাগে- এই ঘরের মধ্যে বসে বসেই ভালো লাগে- একদিন আমার চিঠি এসে পৌঁছেবে, সে কথা মনে করলেই আমি খুব খুশি হয়ে চুপ করে বসে থাকতে পারি। কিন্তু রাজার চিঠিতে কী যে লেখা থাকবে তা তো আমি জানি নে।	Amal: Nein, nein, ich gräme mich nicht. Zuerst, als ich hier im Zimmer eingesperrt wurde, dachte ich, der Tag kommt an kein Ende. Seitdem ich das Postamt unseres Königs gesehen habe, gefällt mir jeder Tag hier. Mir gefällt's, im Zimmer zu sitzen, einfach zu sitzen. Daß eines Tages ein Brief für mich ankommen wird, wenn ich daran denke, bin ich ganz glücklich, und es macht mir nichts aus, still hier sitzen zu bleiben. – Aber was der König mir in seinem Brief schreiben wird, das frage ich mich.
ঠাকুরদা । তা না - ই জানলে। তোমার নামটি তো লেখা থাকবে। তা হলেই হল।	Opa: Das ist doch nicht wichtig. Dein Name wird drauf stehen – das genügt.
মাধব দত্তের প্রবেশ	Mādhav Datta (tritt ein): Sagt mal, es macht euch

মাধব দত্ত । তোমরা দুজনে মিলে এ কী ফ্যাসাদ বাধিয়ে বসে আছ বলা দেখি?	wohl Spaß, mich in Schwierigkeiten zu bringen, was!
ঠাকুরদা । কেন হয়েছে কী?	Opa: Warum? Was ist denn passiert?
মাধব দত্ত । শুনছি, তোমরা নাকি রটিয়েছ, রাজা তোমাদেরই চিঠি লিখবেন বলে ডাকঘর বসিয়েছেন।	Mādhav Datta: Ich habe gehört, ihr habt das Gerücht verbreitet, daß der König das Postamt eröffnet hat, nur um euch Briefe zu schreiben.
ঠাকুরদা । তাতে হয়েছে কী?	Opa: Na und?
মাধব দত্ত । আমাদের পঞ্চানন মোড়ল সেই কথাটি রাজার কাছে লাগিয়ে বেনামি চিঠি লিখে দিয়েছে।	Mādhav Datta: Unser Dorfvorsteher Panchanan hat das dem König in einem anonymen Brief geschrieben.
ঠাকুরদা । সকল কথাই রাজার কানে ওঠে, সে কি আমরা জানি নে?	Opa: Wir wissen doch, daß dem König alles zu Ohren kommt.
মাধব দত্ত । তবে সামলে চল না কেন। রাজাবাদশার নাম করে অমন যা - তা কথা মুখে আন কেন? তোমরা যে আমাকে সুদ্ধ মুশকিলে ফেলবে।	Mādhav Datta: Warum gebt ihr dann nicht acht? Warum redet ihr solch dummes Zeug über den König. Ihr bringt schließlich auch mich noch in Schwierigkeiten.
অমল । ফকির, রাজা কি রাগ করবে?	Amal: Fakir, wird der König böse auf uns sein?
ঠাকুরদা । অমনি বললেই হল। রাগ করবে! কেমন রাগ করে দেখি না। আমার মতো ফকির আর তোমার মতো ছেলের উপর রাগ করে সে কেমন রাজাগিরি ফলায় তা দেখা যাবে।	Opa: Einfach nur so, grundlos? Böse auf uns sein! Wie kann ein König regieren, wenn er böse auf einen Fakir wie mich ist und auf einen Jungen wie dich, das möchte ich mal sehen.
অমল । দেখো ফকির, আজ সকালবেলা থেকে আমার চোখের উপর থেকে - থেকে অন্ধকার হয়ে আসছে, মনে হচ্ছে সব যেন স্বপ্ন। একেবারে চুপ করে থাকতে ইচ্ছে করছে। কথা কইতে আর ইচ্ছে করছে না। রাজার চিঠি কি আসবে না? এখনই এই ঘর যদি সব মিলিয়ে যায়- যদি-	Amal: Schau mal, Fakir, seit heute morgen fällt manchmal eine Dunkelheit über meine Augen; mir ist, als wäre alles ein Traum. Am liebsten ist mir, einfach still sitzen zu bleiben. Reden mag ich auch nicht mehr.... Kommt der Brief des Königs nicht? Wenn dieses Zimmer auf einmal ganz und gar verschwindet, wenn...
ঠাকুরদা । (অমলকে বাতাস করিতে করিতে) আসবে, চিঠি আজই আসবে।	Opa (Amal Luft zufächelnd): Gewiß kommt er, heute noch.
কবিরাজের প্রবেশ কবিরাজ । আজ কেমন ঠেকছে?	Doktor (tritt ein): Wie geht's dir heute?
অমল । কবিরাজমশায়, আজ খুব ভালো বোধ হচ্ছে মনে হচ্ছে যেন সব বেদনা চলে গেছে।	Amal: Herr Doktor, heute fühle ich mich sooo wohl. Als wären alle Schmerzen vergangen.

<p>কবিরাজ । (জনাস্তিকে মাধব দত্তের প্রতি) ঐ হাসিটি তো ভালো ঠেকছে না । ঐ - যে বলছে খুব ভালো বোধ হচ্ছে ঐটেই হল খারাপ লক্ষণ । আমাদের চক্রধরদত্ত বলছেন—</p>	<p>Doktor (leise zu Mādhab Datta): Dieses Lächeln gefällt mir aber gar nicht. Sagt er nicht, er fühlt sich sehr wohl? – Gerade das ist ein schlechtes Zeichen. Unser Chakradhārā Datta sagt...</p>
<p>মাধব দত্ত । দোহাই কবিরাজমশায়, চক্রধরদত্তের কথা রেখে দিন। এখন বলুন ব্যাপারখানা কী।</p>	<p>Mādhab Datta: Um Himmels willen, Herr Doktor, laßt Chakradhārā Datta in Frieden. Sagt mir jetzt nur, was mit Amal los ist.</p>
<p>কবিরাজ । বোধ হচ্ছে, আর ধরে রাখা যাবে না। আমি তো নিষেধ করে গিয়েছিলুম কিন্তু বোধ হচ্ছে বাইরের হাওয়া লেগেছে।</p>	<p>Doktor: Ich glaube, länger kann ich ihn nicht mehr halten. Ich habe es doch verboten, aber ich glaube, die frische Luft von draußen hat ihm nicht gut getan.</p>
<p>মাধব দত্ত । না কবিরাজমশায়, আমি ওকে খুব করেই চারি দিক থেকে আগলে সামলে রেখেছি। ওকে বাইরে যেতে দিই নে- দরজা তো প্রায়ই বন্ধই রাখি।</p>	<p>Mādhab Datta: Nein, Herr Doktor, ich habe ihn von allen Seiten gehegt und gepflegt. Ich habe ihn nicht nach draußen gehen lassen. Die Tür bleibt doch fast immer fest geschlossen.</p>
<p>কবিরাজ । হঠাৎ আজ একটা কেমন হাওয়া দিয়েছে— আমি দেখে এলুম তোমাদের সদর দরজার ভিতর দিয়ে হু হু করে হাওয়া বইছে। ওটা একেবারেই ভালো নয়। ও - দরজাটা বেশ ভালো করে তালাচাবি - বন্ধ করে দাও। না - হয় দিন দুই - তিন তোমাদের এখানে লোক আনাগোনা বন্ধই থাক - না। যদি কেউ এসে পড়ে খিড়কি - দরজা আছে। ঐ - যে জানলা দিয়ে সূর্যাস্তের আভাটা আসছে, ওটাও বন্ধ করে দাও, ওতে রোগীকে বড়ো জাগিয়ে রেখে দেয়।</p>	<p>Doktor: Heute weht plötzlich ein merkwürdiger Wind. Ich hab's gesehen, durch eure Vordertür pfeift der Wind hinein. Das ist ganz und gar nicht gut. Verriegelt diese Tür nur ordentlich. Oder laßt einmal zwei, drei Tage überhaupt keine Leute hier ein- und ausgehen. Wenn jemand kommt, kann er ja durch die Hintertür gehen. Dieses Fenster da, durch das die Abendsonne scheint, macht das auch zu. Die läßt den Kranken überhaupt nicht schlafen.</p>
<p>মাধব দত্ত । অমল চোখ বুজে রয়েছে, বোধ হয় ঘুমোচ্ছে। ওর মুখ দেখে মনে হয় যেন- কবিরাজমশায়, যে আপনার নয় তাকে ঘরে এনে রাখলুম, তাকে ভালোবাসলুম, এখন বুঝি আর তাকে রাখতে পারব না।</p>	<p>Mādhab Datta: Amal hat die Augen zugemacht. Ich glaube, er schläft. Wenn ich sein Gesicht sehe, ist mir, als... Herr Doktor, ich habe ein fremdes Kind ins Haus aufgenommen, es lieben gelernt, und nun kann ich es wohl nicht behalten.</p>
<p>কবিরাজ । ওকি! তোমার ঘরে যে মোড়ল আসছে! এ কী উৎপাত! আমি আসি ভাই! কিন্তু তুমি যাও, এখনই ভালো করে দরজাটা বন্ধ করে দাও। আমি বাড়ি গিয়েই একটা বিষবড়ি পাঠিয়ে দিচ্ছি— সেইটে খাইয়ে দেখো- যদি রাখবার হয় তো সেইটেতেই টেনে রাখতে পারবে।</p>	<p>Doktor: Was ist das! Der Dorfvorsteher kommt zu euch! Wie ärgerlich! Ich bin weg! – Aber geh, und schließ sofort die Tür fest zu. Ich schicke euch von zu Hause eine kräftige Arznei. Die gebt ihm zu essen. Wenn ihn überhaupt etwas retten kann, dann wohl diese Arznei.</p>

[মাধব দত্ত ও কবিরাজের প্রস্থান	<i>Mādhav Datta und Doktor ab.</i>
মোড়লের প্রবেশ মোড়ল । কী রে ছোঁড়া!	Dorfvorsteher (tritt ein): He, Bürschlein!
ঠাকুরদা । (তাড়াতাড়ি উঠিয়া দাঁড়াইয়া) আরে আরে, চুপ চুপ!	Opa (steht hastig auf): Pssst! Pssst! Leise doch!
অমল । না ফকির, তুমি ভাবছ আমি ঘুমোচ্ছি। আমি ঘুমোই নি। আমি সব শুনছি। আমি যেন অনেক দূরের কথাও শুনতে পাচ্ছি। আমার মনে হচ্ছে, আমার মা আমার বাবা যেন শিয়রের কাছে কথা কচ্ছেন।	Amal: Nein, Fakir – glaubst du, ich schlafe? Ich habe nicht geschlafen. Ich höre alles. Mir scheint, ich kann sogar Stimmen aus weiter Ferne hören. Ich glaube, meine Mama und mein Papa stehen am Kopfende und unterhalten sich.
মাধব দত্তের প্রবেশ	<i>Mādhav Datta tritt ein.</i>
মোড়ল । ওহে মাধব দত্ত, আজকাল তোমাদের যে খুব বড়ো বড়ো লোকের সঙ্গে সঙ্ক!	Dorfvorsteher: He, Mādhav Datta, heutzutage bewegt ihr euch wohl nur noch in den besten Kreisen, wie?
মাধব দত্ত । বলেন কী, মোড়লশায়! এমন পরিহাস করবেন না। আমরা নিতান্তই সামান্য লোক।	Mādhav Datta: Was sagt ihr da, Dorfvorsteher! Spottet nicht so über mich. Wir sind ganz einfache Leute.
মোড়ল । তোমাদের এই ছেলেটি যে রাজার চিঠির জন্যে অপেক্ষা করে আছে।	Dorfvorsteher: Aber euer Junge da wartet auf einen Brief des Königs.
মাধব দত্ত । ও ছেলেমানুষ, ও পাগল, ওর কথা কি ধরতে আছে!	Mādhav Datta: Aber er ist ein Kind. Ein kleiner Narr. Warum macht ihr Aufhebens davon, was er sagt.
মোড়ল । না - না, এতে আর আশ্চর্য কী? তোমাদের মতো এমন যোগ্য ঘর রাজা পাবেন কোথায়? সেইজন্যেই দেখাছ না, ঠিক তোমাদের জানলার সামনেই রাজার নতুন ডাকঘর বসেছে? ওরে ছোঁড়া, তোর নামে রাজার চিঠি এসেছে যে।	Dorfvorsteher: Nein, nein, das ist doch nicht erstaunlich! Eine so prachtvolle Familie findet doch der König kein zweites Mal! Darum hat der König genau eurem Fenster gegenüber ein neues Postamt eröffnet, siehst du nicht? – He, Bürschlein! Du hast einen Brief vom König bekommen.
অমল । (চমকিয়া উঠিয়া) সত্যি!	Amal (richtet sich plötzlich auf): Ist das wahr?
মোড়ল । এ কি সত্যি না হয়ে যায়! তোমার সঙ্গে রাজার বন্ধুত্ব! (একখানা অক্ষরশূন্য কাগজ দিয়া) হা হা হা হা, এই যে তাঁর চিঠি।	Dorfvorsteher: Und ob das wahr ist! Du bist doch der Freund des Königs! (Er zeigt ein unbeschriebenes Blatt Papier.) Hahahaha! Hier ist sein Brief.
অমল । আমাকে ঠাট্টা কোরো না। ফকির, ফকির, তুমি বলো না, এই কি সত্যি তাঁর চিঠি?	Amal: Halte mich nicht zum Narren. – Fakir, Fakir, sag mal, ist das wirklich sein Brief?
ঠাকুরদা। হাঁ বাবা, আমি ফকির তোমাকে বলছি এই সত্য তাঁর চিঠি।	Opa: Gewiß, mein Lieber. Ich, der Fakir, versichere

	dir: Das ist wirklich sein Brief.
অমল । কিন্তু, আমি যে এতে কিছুই দেখতে পাচ্ছি নে আমার চোখে আজ সব সাদা হয়ে গেছে! মোড়লমশায়, বলে দাও না, এ - চিঠিতে কী লেখা আছে।	Amal: Aber, ich kann gar nichts darauf erkennen. Vor meinen Augen ist heute alles weiß geworden. Herr Dorfvorsteher, sag doch mal, was in diesem Brief steht.
মোড়ল । রাজা লিখছেন, আমি আজকালের মধ্যেই তোমাদের বাড়িতে যাচ্ছি, তোমাদের মুড়ি - মুড়িকির ভোগ তৈরি করে রেখো- রাজভবন আর আমার এক দণ্ড ভালো লাগছে না। হা হা হা হা!	Dorfvorsteher: Der König hat geschrieben: „Ich komme in ein paar Tagen zu dir. Halte Puffreis für mich bereit. Ich mag das Leben im Palast keine Minute länger mehr ertragen.“ Hahahaha!
মাধব দত্ত । (হাত জোড় করিয়া) মোড়লমশায়, দোহাই আপনার, এ - সব কথা নিয়ে পরিহাস করবেন না।	Mādhav Datta (mit gefalteten Händen): Herr Dorfvorsteher, ich bitte euch dringlich, treibt nicht euren Spott mit uns.
ঠাকুরদা । পরিহাস! কিসের পরিহাস! পরিহাস করেন, এমন সাধ্য আছে ওঁর!	Opa: Spott? Was für Spott? Kann der's überhaupt wagen, Spott mit uns zu treiben?
মাধব দত্ত । আরে! ঠাকুরদা, তুমিও খেপে গেলে নাকি!	Mādhav Datta: Was! Opa, bist du etwa auch närrisch geworden?
ঠাকুরদা । হাঁ, আমি খেপেছি। তাই আজ এই সাদা কাগজে অক্ষর দেখতে পাচ্ছি। রাজা লিখছেন তিনি স্বয়ং অমলকে দেখতে আসছেন, তিনি তাঁর রাজ - কবিরাজকেও সঙ্গে করে আনছেন।	Opa: Jawohl, ich bin närrisch geworden. Darum kann ich auch auf einem weißen Blatt Papier eine Schrift lesen. Der König hat geschrieben, er kommt selbst, um Amal zu besuchen. Er bringt seinen königlichen Doktor mit.
অমল । ফকির, ঐ যে, ফকির, তাঁর বাজনা বাজছে, শুনতে পাচ্ছ না?	Amal: Fakir, he Fakir! Ein Trommelwirbel kündigt ihn an, hörst du nicht?
মোড়ল । হা হা হা হা! উনি আরো একটু না খেপলে তো শুনতে পাবেন না।	Dorfvorsteher: Hahahaha! Da muß er noch etwas närrischer werden, um das zu hören.
অমল । মোড়লমশায়, আমি মনে করতুম, তুমি আমার ওপর রাগ করেছ- তুমি আমাকে ভালোবাস না। তুমি যে সত্যি রাজার চিঠি আনবে এ আমি মনে করি নি- দাও আমাকে তোমার পায়ের ধুলো দাও।	Amal: Herr Dorfvorsteher, ich dachte, du bist böse auf mich und liebst mich nicht. Daß du tatsächlich den Brief des Königs mitbringen würdest, das hätte ich nicht gedacht. Komm laß mich den Staub deiner Füße berühren!
মোড়ল । না, এ ছেলেটার ভক্তিশ্রদ্ধা আছে। বুদ্ধি নেই বটে, কিন্তু মনটা ভালো।	Dorfvorsteher: Nanu, dem Jungen fehlt's nicht an Ehrfurcht. Zwar keinen Verstand, aber ein gutes Herz.

অমল । এতক্ষণে চার প্রহর হয়ে গেছে বোধ হয়। ঐ যে ঢং ঢং ঢং -ঢং ঢং ঢং। সন্ধ্যাতারা কি উঠেছে ফকির? আমি কেন দেখতে পাচ্ছি নে?	Amal: Inzwischen muß doch die vierte Stunde angebrochen sein. Hör doch: ‚dhong-dhong-dhong – dhong-dhong-dhong‘. Ist der Abendstern schon aufgegangen, Fakir? Warum kann ich ihn nicht sehen?
ঠাকুরদা । ওরা যে জানলা বন্ধ করে দিয়েছে, আমি খুলে দিচ্ছি।	Opa: Die haben doch das Fenster zugemacht. Warte, ich mach’s auf.
বাহিরে দ্বারে আঘাত	<i>Schläge draußen an der Tür.</i>
মাধব দত্ত । ওকি ও! ও কেও! এ কী উৎপাত?	Mādhav Datta: Was ist das! Wer ist denn da? Was für ein Lärm!
(বাহির হইতে) খোলো দ্বার।	Stimme (von draußen): Mach die Tür auf!
মাধব দত্ত । কে তোমরা?	Mādhav Datta: Wer seid ihr?
(বাহির হইতে) খোলো দ্বার।	Stimme (von draußen): Mach die Tür auf!
মাধব দত্ত । মোড়লমশায়, এ তো ডাকাত নয়!	Mādhav Datta: Herr Dorfvorsteher, das sind doch keine Räuber?
মোড়ল । কে রে? আমি পঞ্চানন মোড়ল। তোদের মনে ভয় নেই নাকি? দেখো একবার, শব্দ থেমেছে। পঞ্চাননের আওয়াজ পেলে আর রক্ষা নেই যত বড়ো ডাকাতই হোক – না–	Dorfvorsteher: Wer da? Ich bin Panchanan, der Dorfvorsteher. Ihr habt wohl gar keine Angst, was? – Sieh mal, die Schläge haben aufgehört. Hört man die Stimme von Panchanan, ducken sich alle, und seien’s die größten Räuber...
মাধব দত্ত । (জানলা দিয়া মুখ বাড়াইয়া) দ্বার যে ভেঙে ফেলেছে, তাই আর শব্দ নেই।	Mādhav Datta (den Kopf durch das Fenstersteckend): Die Tür aufgebrochen haben sie, darum hört man nichts!
রাজদূতের প্রবেশ রাজদূত । মহারাজ আজ রাত্রে আসবেন।	Königlicher Bote (tritt ein): Seine Hoheit der König wird heute nacht kommen.
মোড়ল । কী সর্বনাশ!	Dorfvorsteher: Das ist ja schrecklich!
অমল । কত রাত্রে দূত? কত রাত্রে?	Amal: Wie spät heute nacht, Bote, wie spät?
রাজদূত । আজ দুই প্রহর রাত্রে।	Bote: Heute nacht in der zweiten Stunde.
অমল । যখন আমার বন্ধু প্রহরী নগরের সিংহদ্বারে ঘণ্টা বাজাবে ঢং ঢং ঢং, ঢং ঢং ঢং– তখন?	Amal: Wenn mein Freund, der Wächter, am Haupttor der Stadt die Glocke schlägt ‚dhong-dhong-dhong – dhong-dhong-dhong‘ – dann?

রাজদূত । হাঁ, তখন। রাজা তাঁর বালক – বন্ধুটিকে দেখবার জন্যে তাঁর সকলের চেয়ে বড়ো কবিরাজকে পাঠিয়েছেন।	Bote: Jawohl, dann. Um seinen jungen Freund untersuchen zu lassen, hat er seinen berühmtesten Doktor zu dir geschickt.
রাজকবিরাজের প্রবেশ রাজকবিরাজ । একি! চারদিকে সমস্তই যে বন্ধ! খুলে দাও, খুলে দাও, যত দ্বার – জানলা আছে সব খুলে দাও। – (অমলের গায়ে হাত দিয়া) বাবা, কেমন বোধ করছ?	Königlicher Doktor (tritt ein): Was ist denn das? Rundum alles verschlossen! Aufgemacht, aufgemacht, alle Fenster und Türen auf! – (Amals Körper berührend) Mein Lieber, wie geht es dir?
অমল । খুব ভালো, খুব ভালো কবিরাজমশায়। আমার আর কোনো অসুখ নেই, কোনো বেদনা নেই। আঃ, সব খুলে দিয়েছ– সব তারাগুলি দেখতে পাচ্ছি– অন্ধকারের ওপারকার সব তারা।	Amal: Sehr gut, sehr gut, Herr Doktor. Ich bin überhaupt nicht mehr krank, alle Schmerzen sind vergangen. Ahhh! alles offen – alle Sterne kann ich sehen – jenseits der Dunkelheit alle Sterne.
রাজকবিরাজ । অর্ধরাত্রে যখন রাজা আসবেন তখন তুমি বিছানা ছেড়ে উঠে তাঁর সঙ্গে বেরোতে পারবে?	Königlicher Doktor: Wenn der König in der Mitte der Nacht kommt, kannst du dann vom Bett aufstehen und mit ihm nach draußen gehen?
অমল । পারব, আমি পারব। বেরোতে পারলে আমি বাঁচি। আমি রাজাকে বলব, এই অন্ধকার আকাশে ধ্রুবতারাটিকে দেখিয়ে দাও। আমি সে তারা বোধ হয় কতবার দেখেছি কিন্তু সে যে কোন্টা সে তো আমি চিনি নে।	Amal: Bestimmt, ganz bestimmt. Wenn ich nach draußen gehen darf, dann <i>lebe</i> ich wieder! Ich werde dem König sagen: „Zeig mir den Polarstern an dem schwarzen Himmel.“ Ich habe diesen Stern gewiß schon oft gesehen, aber welcher es genau ist, das weiß ich doch nicht.
রাজকবিরাজ । তিনি সব চিনিয়ে দেবেন। (মাধবের প্রতি) এই ঘরটি রাজার আগমনের জন্যে পরিষ্কার করে ফুল দিয়ে সাজিয়ে রাখো। (মোড়লকে নির্দেশ করিয়া) ঐ লোকটিকে তো এ – ঘরে রাখা চলবে না।	Königlicher Doktor: Er wird dir alles zeigen. – (zu Mādhav Datta) Mache das Zimmer sauber für die Ankunft des Königs und schmücke es mit Blumen. (Er zeigt auf den Dorfvorsteher) Den können wir hier drin aber nicht gebrauchen.
অমল । না, না, কবিরাজমশায়, উনি আমার বন্ধু। তোমরা যখন আস নি উনিই আমাকে রাজার চিঠি এনে দিয়েছিলেন।	Amal: Nein, nein, Herr Doktor, er ist mein Freund. Bevor ihr gekommen seid, hat <i>er</i> mir den Brief des Königs gebracht.
রাজকবিরাজ । আচ্ছা, বাবা, উনি যখন তোমার বন্ধু তখন উনিও এ – ঘরে রইলেন।	Königlicher Doktor: Gut, wenn er dein Freund ist, kann er natürlich im Zimmer bleiben.
মাধব দত্ত । (অমলের কানে কানে) বাবা, রাজা তোমাকে ভালোবাসেন, তিনি স্বয়ং আজ আসছেন– তাঁর কাছে আজ	Mādhav Datta (Amal ins Ohr flüsternd): Der König liebt dich. Er kommt selbst heute zu uns. Bitte ihn heute um eine Gabe. Du weißt doch, wie schlecht es

কিছু প্রার্থনা কোরো। আমাদের অবস্থা তো ভালো নয়। জান তো সব।	uns geht.
অমল । সে আমি সব ঠিক করে রেখেছি, পিসেমশায়– সে তোমার কোনো ভাবনা নেই।	Amal: Daran habe ich schon gedacht, Onkel. Darüber mache dir keine Sorgen.
মাধব দত্ত । কী ঠিক করেছ বাবা?	Mādhav Datta: Worum willst du ihn also bitten?
অমল । আমি তাঁর কাছে চাইব, তিনি যেন আমাকে তাঁর ডাকঘরের হরকরা করে দেন– আমি দেশে দেশে ঘরে ঘরে তাঁর চিঠি বিলি করব।	Amal: Ich werde ihn bitten, daß er mich zu seinem Postboten macht. Ich werde von Land zu Land, von Tür zu Tür gehen und seine Briefe austeilen.
মাধব দত্ত । (ললাটে করাঘাত করিয়া) হায় আমার কপাল!	Mādhav Datta (schlägt sich an die Stirn): Oje – habe ich ein Pech!
অমল । পিসেমশায়, রাজা আসবেন, তাঁর জন্যে কী ভোগ তৈরি রাখবে।	Amal: Onkel, was wirst du für den König zu essen vorbereiten?
রাজদূত । তিনি বলে দিয়েছেন তোমাদের এখানে তাঁর মুড়ি – মুড়িকির ভোগ হবে।	Bote: Er hat gesagt, ihr sollt Puffreis für ihn bereitstellen.
অমল । মুড়ি – মুড়িকি! মোড়লমশায়, তুমি তো আগেই বলে দিয়েছিলে, রাজার সব খবরই তুমি জান! আমরা তো কিছুই জানতুম না।	Amal: Puffreis! Herr Dorfvorsteher, das hast du doch auch gesagt! Du weißt wirklich alles über den König! Wir konnten uns doch gar keine Vorstellung machen.
মোড়ল । আমার বাড়িতে যদি লোক পাঠিয়ে দাও তা হলে রাজার জন্যে ভালো ভালো কিছু –	Dorfvorsteher: Wenn du jemanden zu meinem Haus schickst, dann kann ich für den König etwas Gutes...
রাজকবিরাজ । কোনো দরকার নেই। এইবার তোমরা সকলে স্থির হও। এলো, এলো, ওর ঘুম এলো। আমি বালকের শিয়রের কাছে বসব– ওর ঘুম আসছে। প্রদীপের আলো নিবিয়ে দাও এখন আকাশের তারাটি থেকে আলো আসুক, ওর ঘুম এসেছে।	Königlicher Doktor: Nicht nötig. ... Jetzt seid alle still. Schlaf, Schlaf, der Schlaf kommt über ihn. Ich setze mich ans Kopfende des Jungen – er schläft ein. Lösche die Öllampe. – Nun mag das Licht des Sterns am Himmel auf ihn herabscheinen. Der Schlaf ist über ihn gekommen.
মাধব দত্ত । (ঠাকুরদার প্রতি) ঠাকুরদা, তুমি অমন মূর্তিটির মতো তজোড় করে নীরব হয়ে আছ কেন? আমার কেমন ভয় হচ্ছে। এ যা দেখছি এ – সব কি ভালো লক্ষণ! এরা আমার ঘর অন্ধকার করে দিচ্ছে কেন! তারার আলোতে আমার কী হবে!	Mādhav Datta (zu Opa): Opa, warum stehst du da stumm wie ein Standbild, mit gefalteten Händen? Ich bekomme Angst. Ist das ein gutes Zeichen, was ich da sehe? Warum machen sie mein Zimmer dunkel? Mit Sternenlicht ist mir nicht geholfen.
ঠাকুরদা । চুপ করো অবিশ্বাসী! কথা কোয়ো না।	Opa: Still, du Zweifler! Rede nicht.
সুধার প্রবেশ	Sudhā tritt ein.

সুধা । অমল।	Sudhā: Amal!
রাজকবিরাজ । ও ঘুমিয়ে পড়েছে।	Königlicher Doktor: Er ist eingeschlafen.
সুধা । আমি যে ওর জন্যে ফুল এনেছি— ওর হাতে কি দিতে পারব না?	Sudhā: Ich habe ihm doch Blumen mitgebracht. Kann ich sie ihm nicht selbst geben?
রাজকবিরাজ । আচ্ছা, দাও তোমার ফুল।	Königlicher Doktor: Gut, gib sie ihm, deine Blumen.
সুধা । ও কখন জাগবে?	Sudhā: Wann wacht er auf?
রাজকবিরাজ । এখনই, যখন রাজা এসে ওকে ডাকবেন।	Königlicher Doktor: Gleich; sobald der König kommt und ihn ruft.
সুধা । তখন তোমরা ওকে একটি কথা কানে কানে বলে দেবে?	Sudhā: Werdet ihr ihm dann ein Wort ins Ohr flüstern?
রাজকবিরাজ । কী বলব?	Königlicher Doktor: Was soll ich ihm sagen?
সুধা । বোলো যে, 'সুধা তোমাকে ভোলে নি'।	Sudhā: Sag ihm, Sudhā hat dich nicht vergessen.